গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য পরিকল্পনা-১ শাখা

স্মারক নং-৩৩.০০.০০০০.১৪০.১৪.০৮৯.১৩-৪০ তারিখ ঃ ১৪/০৩/২০১৬

বিষয় ঃ মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিকা অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ মৎস্য অধিদপ্তরের পত্র নং-৩৩.০২.০০০০.১১২.৪১.০০১.১৫.১৪৩; তারিখ ঃ ২৩/০২/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রণীত ''উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা'' নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

সংযুক্তি ঃ প্রত্যেক পাতায় স্বাক্ষরিত ''উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা''।

১৪/০৩/১৬
(এইচ, এম, মনিরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৬৫৭৭৫

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন,
রমনা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি।

# মৎস্য অধিদপ্তরাধীন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম
# বাস্তবায়ন নির্দেশিকা

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

## সূচিপত্র

১.০ মৎস্য অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্য ..... ৫
১.১ মৎস্য অধিদপ্তরের কাজের অধিক্ষেত্র ..... ৫
১.২ উন্নয়ন প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রম ..... ৬
১.৩ নামকরণ ..... ৬

২.০ পোনা অবমুক্তকরণ ..... ৭
২.১ জলাশয়/জলাভূমি নির্বাচন ..... ৭
২.২ উপযুক্ত জলাশয়/জলাভূমি নির্বাচন পদ্ধতি ..... ৭
২.৩ মজুদযোগ্য প্রজাতি ..... ৭
২.৪ পোনা মজুদের সময়কাল ..... ৭
২.৫ পোনা মজুদের স্থান চিহ্নিতকরণ ..... ৮
২.৬ বেজলাইন সার্ভে ফরম পূরণ ..... ৮
২.৭ পোনামাছ সংগ্রহ ও ক্রয় পদ্ধতি ..... ৮
২.৮ কমিটিসমূহ ও তাদের কার্যপরিধি ..... ৮
২.৯ পোনা অবমুক্তকরণের রেকর্ড সংরক্ষণ ও প্রেরণ ..... ৯
২.১০ পোনা ছাড়া পরবর্তী রিপোর্ট প্রেরণ ..... ১০
২.১১ প্রকল্পভুক্ত জলাশয়ের প্রভাব নিরূপণ ছক ..... ১০

৩.০ বিল নার্সারি ব্যবস্থাপনা ..... ১০
৩.১ উপযুক্ত জলাভূমি নির্বাচন ..... ১০
৩.২ উপযুক্ত জলাভূমি নির্বাচন পদ্ধতি ..... ১০
৩.৩ লালনযোগ্য প্রজাতি ..... ১১
৩.৪ বিল নার্সারি স্থাপনের সময়কাল ..... ১১
৩.৫ রেণু মজুদের স্থান চিহ্নিতকরণ ..... ১১
৩.৬ বেজলাইন সার্ভে ফরম পূরণ ..... ১১
৩.৭ বিল নার্সারির বরাদ্দ বিভাজন ..... ১১
৩.৮ কমিটিসমূহ ও তাদের কার্যপরিধি ..... ১১
৩.৯ বিল নার্সারির রেকর্ড সংরক্ষণ ..... ১২
৩.১০ পোনা অবমুক্তকরণ ..... ১৩
৩.১১ পোনা অবমুক্তি পরবর্তী রিপোর্ট প্রেরণ ..... ১৩
৩.১২ প্রকল্পভুক্ত জলাশয়ের প্রভাব নিরূপণ জরিপ ছক ..... ১৩

৪.০ সমাজভিত্তিক সংগঠন ব্যবস্থাপনা ..... ১৩
৪.১ সদস্য হওয়ার যোগ্যতা ..... ১৩
৪.২ সদস্য সংখ্যা ..... ১৩
৪.৩ সিবিওর সাধারণ কার্যক্রম ..... ১৪
৪.৪ কার্যনির্বাহী কমিটির রূপরেখা ..... ১৪
৪.৫ কার্যনির্বাহী কমিটির সদস্যপদ বাতিল হবার কারণ ..... ১৫
৪.৬ কার্যনির্বাহী কমিটির সদস্যপদ বাতিল করার পদ্ধতি ..... ১৫
৪.৭ সাধারণ সদস্যপদ বাতিল হবার কারণ ..... ১৫
৪.৮ সাধারণ সদস্যপদ বাতিল করার পদ্ধতি ..... ১৫
৪.৯ সিবিওরসুফলভোগী দল বাতিল হবার কারণ ..... ১৫
৪.১০ সিবিও দল বাতিল করার পদ্ধতি ..... ১৬

৫.০ আবাসস্থল পুনরুদ্ধার/জলাশয় উন্নয়ন ........ ১৬
৫.১ জলাশয় নির্বাচন ........ ১৬
৫.২ জলাশয় বা পুকুর নির্বাচন ও সুফলভোগী দল গঠন ........ ১৬
৫.৩ পুন:খনন স্কিম নির্বাচন পদ্ধতি ........ ১৭
৫.৪ স্কিমের ডিজাইন ........ ১৭
৫.৫ স্কিম তৈরিকরণ ........ ১৮
৫.৬ প্রি-ওয়ার্ক এবং পোষ্ট-ওয়ার্ক জরিপ ........ ১৮
৫.৭ অর্থের চাহিদা ........ ১৯
৫.৮ স্কিম নির্বাচন, দাখিল, পর্যালোচনা এবং অনুমোদন পদ্ধতি ........ ১৯
৫.৯ সুফলভোগী গ্রুপ গঠনের নীতিমালা ও কার্যাবলী ........ ১৯
৫.১০ খনন/পুনখনন স্কিম বাস্তবায়ন ........ ২৩
৫.১১ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব ........ ২৩
৫.১২ চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি (এলসিএস) গঠন ........ ২৬
৫.১৩ আনুসাংগিক তহবিল ........ ২৯
৫.১৪ বরাদ্দপত্র/ পুনঃবরাদ্দ পত্র জারী এবং অর্থ উত্তোলন নীতিমালা ........ ২৯
৫.১৫ পরিমাপ ও মজুরী প্রদান ........ ৩০
৫.১৬ মাটির সংকোচন ও ক্ষয়ক্ষতির হার ........ ৩০
৫.১৭ সাইনবোর্ড ........ ৩০
৫.১৮ বাস্তবায়ন সিডিউল ........ ৩০
৫.১৯ স্কিম সংশোধন ........ ৩১
৫.২০ পরিদর্শন ও তদারকিকরণ ........ ৩১
৫.২১ স্কিম স্থগিতকরণ ........ ৩১
৫.২২ স্কিম বাতিলকরণ ........ ৩১
৫.২৩ প্রতিবেদন ........ ৩১
৫.২৪ স্কিম সমাপ্তি প্রতিবেদন ........ ৩২
৫.২৫ মাছ চাষের প্রতিবেদন ........ ৩২
৫.২৬ অব্যবহৃত অর্থ ........ ৩২
৫.২৭ কর্মচক্র ........ ৩২

৬.০ প্রদর্শনী মৎস্য খামার ব্যবস্থাপনা ........ ৩৪
৬.১ ফলাফল প্রদর্শনকারী চাষি (আরডি) নির্বাচন ........ ৩৪
৬.২ প্রকল্প সহায়তা (কারিগরি ও আর্থিক) ........ ৩৪
৬.৩ চুক্তি সম্পাদন ........ ৩৪
৬.৪ সাইন বোর্ড স্থাপন ........ ৩৪
৬.৫ বেইজলাইন জরিপ ও রেকর্ড বই সংরক্ষণ ........ ৩৫

৭.০ মাঠ দিবস পালন ........ ৩৫

৮.০ ধানক্ষেতে মাছ চাষ প্রদর্শনী ........ ৩৫
৮.১ ধানক্ষেত নির্বাচন ........ ৩৬

৯.০ খাঁচায় মাছচাষ ........ ৩৬
৯.১ খাঁচা স্থাপনের স্থান ........ ৩৬
৯.২ দল গঠন ........ ৩৭
৯.৩ সুফলভোগী সদস্যগণের খাঁচায় মাছ চাষের অংশীদারিত্ব বিনিয়োগ ........ ৩৭
৯.৪ খাঁচা স্থাপন ........ ৩৭
৯.৫ খাঁচার বিভিন্ন উপকরণ ........ ৩৭

৯.৬ **আকার** ........ ৩৮
৯.৭ **ফ্রেম তৈরি ও স্থাপন** ........ ৩৮
৯.৮ **খাঁচায় মাছের মজুদ ঘনত্ব নির্ধারণ** ........ ৩৮
৯.৯ **খাঁচায় সম্পূরক খাদ্য প্রদান** ........ ৩৮
৯.১০ **খাঁচায় তেলাপিয়া বাছাইকরণ** ........ ৩৮
৯.১১ **খাঁচায় মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা** ........ ৩৯
৯.১২ **প্রদর্শনী পরিচালনা ব্যয়ের টাকা উত্তোলন** ........ ৩৯
৯.১৩ **গ্রুপ ফান্ড পরিচালনার জন্য ব্যাংকে হিসাব খোলা** ........ ৩৯
৯.১৪ **সুফলভোগীর লাভের অংশীদারিত্ব** ........ ৩৯

১০.০ পেনে মাছ চাষ ........ ৩৯
**১০.১ স্থান নির্বাচন** ........ ৩৯
**১০.২ সুফলভোগী নির্বাচন** ........ ৪০
**১০.৩ সুফলভোগীর লাভের অংশীদারিত্ব** ........ ৪০
**১০.৪ পেন স্থাপন** ........ ৪০
**১০.৫ গ্রুপ ফান্ড পরিচালনার জন্য ব্যাংকে হিসাব খোলা** ........ ৪০

১১.০ মৎস্য/জলাভূমি অভয়াশ্রম স্থাপন ........ ৪০
**১১.১ অভয়াশ্রম ব্যবস্থাপনায় অনুসরণীয় বিষয়াবলী** ........ ৪১

১২.০ মৎস্যচাষি, মৎস্যজীবী/জেলে প্রশিক্ষণ ........ ৪২
১৩.০ বিকল্প আয়বর্ধক কার্যক্রম ........ ৪২
১৪.০ মাছ ধরার জাল বিনিময় ........ ৪৩
১৫.০ মৎস্য আইন বাস্তবায়নে সহায়তা প্রদান ........ ৪৪
১৬.০ অভিজ্ঞতা বিনিময় সফর ........ ৪৪
১৭.০ ডিপিপি'র প্রধান্য ........ ৪৪
১৮.০ পরিবর্তনশীলতা ........ ৪৪
১৯.০ কার্যকারিতা ........ ৪৪

## ১.০ মৎস্য অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্য

মাছ ও চিংড়িসহ অন্যান্য জলজ সম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের মানুষের পুষ্টি চাহিদা পূরণ ও রপ্তানি আয় বৃদ্ধি এবং অভীষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণে উন্মুক্ত জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে এ ক্ষেত্র হতে প্রাপ্ত সুফল দ্বারা দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধনই মৎস্য অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্য।

## ১.১ মৎস্য অধিদপ্তরের কাজের অধিক্ষেত্র

অভীষ্ট লক্ষ্য-উদ্দেশ্য অর্জনে মৎস্য অধিদপ্তর অভ্যন্তরীণ এবং সামুদ্রিক মৎস্যসম্পদের কাঙ্ক্ষিত উন্নয়নের লক্ষ্য মৎস্যচাষ সম্প্রসারণ, মৎস্যসম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং মৎস্য মান নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। মৎস্যখাতের উন্নয়ন সম্ভাবনাকে সর্বোচ্চ-সহনশীল উপায়ে কাজে লাগানোর জন্য মৎস্য অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে থাকে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এ ক্ষেত্রে মূল ভিত্তি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী মৎস্য অধিদপ্তর কর্তৃক সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের উল্লেখযোগ্য ক্ষেত্রসমূহ নিম্নরূপ:

### ১.১.১ প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ সেবা প্রদান

- প্রদর্শন ও প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মৎস্যচাষ ও ব্যবস্থাপনা সম্পর্কিত প্রযুক্তি হস্তান্তর এবং প্রযুক্তি বাস্তবায়নে কারিগরি পরামর্শ প্রদান।
- গুণগতমানের পোনা এবং মানসম্পন্ন মৎস্যখাদ্য প্রাপ্তিতে সহায়তা প্রদান।
- মৎস্যচাষ ও ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনায় ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।
- মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং অভীষ্ঠ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন।

### ১.১.২ মৎস্যসম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনায় সহায়তা প্রদান

- মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা, বিল নার্সারি স্থাপন, পোনা অবমুক্তিসহ যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্য প্রাচুর্য বৃদ্ধি।
- ইলিশ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন।
- সামুদ্রিক মৎস্যসম্পদ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন।
- মৎস্যসম্পদ সংরক্ষণের লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়ন।

### ১.১.৩ মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণ

- রপ্তানিযোগ্য মৎস্য ও মৎস্যজাত পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণ ও স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান।
- মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ও বিধি বাস্তবায়ন।

### ১.১.৪ নীতি, আইন-বিধি ও কর্মকৌশল প্রণয়ণ এবং বাস্তবায়ন

- মৎস্যচাষ এবং মৎস্যসম্পদ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন সম্পর্কিত নীতি, আইন, বিধি, কর্মকৌশল, ইত্যাদি প্রণয়নে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে সহায়তা প্রদান।
- মৎস্য সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ, একীভূতকরণ, সম্পাদনা ও প্রকাশনা।

### ১.১.৫ অভীষ্ট জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন

- মৎস্য চাষি ও মৎস্যজীবীদের আর্থসামাজিক উন্নয়নে পদক্ষেপ গ্রহণ।
- মাছের বর্ধিত চাহিদা মিটাতে মৎস্য ও মৎস্যজাত পণ্যের উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ।
- জলজসম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন।

### ১.১.৬ মানবসম্পদ উন্নয়ন

- মৎস্যচাষি ও মৎস্যজীবীদের চাহিদাভিত্তিক সম্প্রসারণ সেবা প্রদানে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে মৎস্য অধিদপ্তরসহ সহযোগী সরকারি-বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারিগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।

### ১.১.৭ মৎস্য সম্পর্কিত উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন, পরীবিক্ষণ ও মূল্যায়ন।

### ১.২ উন্নয়ন প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রম

অভীষ্ট লক্ষ্য-উদ্দেশ্য অর্জনে নির্দিষ্টকৃত কার্যপরিধি অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় মৎস্য অধিদপ্তর কর্তৃক সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রম নিম্নরূপঃ

- পোনা অবমুক্তকরণ
- বিল নার্সারি ব্যবস্থাপনা
- সমাজভিত্তিক সংগঠন ব্যবস্থাপনা
- আবাসস্থল উন্নয়ন/পুনঃখনন
- প্রদর্শনী মৎস্য খামার ব্যবস্থাপনা
- মাঠ দিবস
- খাঁচায় মাছ চাষ
- পেনে মাছ চাষ
- মৎস্য অভয়াশ্রম স্থাপন
- প্রশিক্ষণ
- বিকল্প আয়বর্ধক কার্যক্রম
- মাছ ধরার জাল বিনিময়
- মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে সহায়তা প্রদান
- অভিজ্ঞতা বিনিময় সফর এবং
- সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

দেশের মৎস্যসম্পদের কাঙ্ক্ষিত ও টেকসই উন্নয়নের লক্ষ্যে উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যাদি সম্পাদনের জন্য এ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

১.৩ **নামকরণ:** এ নিদের্শিকা **মৎস্য অধিদপ্তরাধীন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা** নামে অভিহিত হবে।

## ২.০ পোনা অবমুক্তকরণ

**পোনা অবমুক্তি কার্যক্রম সম্পাদনে পর্যায়ক্রমিক ধাপসমূহ নিম্নরূপ:**

### ২.১ জলাশয়/জলাভূমি নির্বাচন

ক) দেশের খাল, বিল, বরোপিট, হাওর, বাঁওড়, মরা নদী, ছড়া, পোল্ডার, নদীর কোল ইত্যাদি। তবে বর্ষার পরেও যে সব নদ-নদীতে নাব্যতা থাকে, কমিটি উপযুক্ত মনে করলে সে সব নদ-নদীর উপযুক্ত স্থান।

খ) পোনামাছ অবমুক্তির পরে ন্যূনতম ৪ (চার) মাস পানি থাকে এমন উপযুক্ত বর্ষাপ্লাবিত জলাভূমি/ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়।

গ) ব্যক্তিমালিকানায় ব্যবস্থাপনাধীন জলাশয়ে পোনা অবমুক্ত করা যাবে না।

### ২.২ উপযুক্ত জলাশয়/জলাভূমি নির্বাচন পদ্ধতি

ক) দেশের সব খাস ও সরকারি জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত বা প্লাবনভূমিসহ আর্থ-সামাজিক দিক দিয়ে উপযুক্ত এমন জলাভূমি এবং যে এলাকায় বিল বা বর্ষা-প্লাবিত ধানক্ষেত বা প্লাবনভূমিতে পোনামাছ অবমুক্ত করলে সংলগ্ন এলাকার সব স্তরের লোকই সুফলভোগী জনগোষ্ঠী হবে সে এলাকার বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি নির্বাচন করতে হবে।

খ) বছরের সবসময় বা বর্ষা মৌসুমে বা নির্দিষ্ট সময় পর্যন্ত (ন্যূনতম ৪ মাস) মাছ চাষ ও ব্যবস্থাপনার জন্য উপযুক্ত পরিবেশ বিদ্যমান, জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত বা প্লাবনভূমি নির্বাচনের জন্য অগ্রাধিকার পাবে।

গ) বিল বা জলাভূমি বা বর্ষাপ্লাবিত ধানক্ষেত বা প্লাবনভূমির উপযোগিতা এবং আধিক্যের আনুপাতিক হারের কারণে প্রত্যেক উপজেলায় নির্বাচিত বা চিহ্নিত জলাশয়/জলাভূমির সংখ্যা একাধিক হতে পারে।

ঘ) একই অর্থবছরে একই জলাশয়ে উন্নয়নও অনুন্নয়ন খাতের অর্থে পোনা অবমুক্ত করা যাবে না। অর্থাৎ অত্র প্রকল্পের বরাদ্দ হতে যে সব জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা হবে সে সব জলাশয়ে অন্য কোন প্রকল্প বা অনুন্নয়ন খাতের বরাদ্দ হতে পোনামাছ অবমুক্ত করা যাবেনা।

ঙ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত নিয়ে একই বিলে প্রয়োজনে সর্বাধিক দুইবার পোনা মজুদ করা যাবে এবং সেই সাথে বিল নার্সারির কার্যক্রম করা যাবে।

### ২.৩ মজুদযোগ্য প্রজাতি

ক) নির্বাচিত জলাভূমিতে রুইজাতীয় মাছের (রুই- ৩০%, কাতলা- ৪০%,মৃগেল,কালিবাউস ও ঘনিয়া- ৩০%) ১০-১৩সে.মি. আকারের সুস্থ্য-সবল পোনা অবমুক্ত করতে হবে। হেক্টর প্রতি ৫০ কেজি পোনা অবমুক্ত করতে হবে।

খ) প্রাতিষ্ঠানিক পুকুর/দিঘির ক্ষেত্রে হেক্টরপ্রতি সর্বোচ্চ ১০০ কেজি পোনা অবমুক্ত করা যাবে।

গ) দেশীয় প্রজাতির অন্যান্য মাছ (শিং, মাগুর, ফলি, চিতল, মেনি, পাবদা, কৈ, বাটা, বাইন, গুতুম, খলিশা ও গুলশা ইত্যাদি) হেক্টর প্রতি ১০ কেজি এবং বিপন্ন প্রজাতির মাছের পোনা হেক্টর প্রতি ৫০ কেজি হারে নির্বাচিত জলাভূমিতে অবমুক্ত করা যাবে।

### ২.৪ পোনা মজুদের সময়কাল

বর্ষা মৌসুমের মধ্যে পোনামাছ অবমুক্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। বর্ষার পরেও এ কার্যক্রম অব্যাহত রাখার ক্ষেত্রে নির্বাচিত বিল/জলাশয়/জলাভূমিতে অন্ততঃ ৪(চার) মাস সময়ের জন্য মাছচাষ উপযোগী পানি থাকতে হবে।

## ২.৫ পোনা মজুদের স্থান চিহ্নিতকরণ

যেসব বিল/জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমিতে পোনা মজুদ করা হবে সেসব বিল/জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমির এমন একটি স্থান চিহ্নিত করতে হবে, যা পোনা পরিবহন, যাতায়াত ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধার জন্য উপযুক্ত হয়।

## ২.৬ বেজলাইন সার্ভে ফরম পূরণ

পোনা অবমুক্তকরণ কার্যক্রম বাস্তবায়নের পূর্বেই সংশ্লিষ্ট জলাশয়ের জন্য বেইজ লাইন সার্ভে ফরমটি পূরণপূর্বক প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে। (পরিশিষ্ট-১)

## ২.৭ পোনামাছ সংগ্রহ ও ক্রয় পদ্ধতি

ক) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ মোতাবেক পোনামাছ ক্রয়ের ব্যবস্থা করতে হবে।

খ) কোটেশন/টেন্ডারের মাধ্যমে ক্রয়কৃত পোনামাছের বিল পরিশোধের ক্ষেত্রে পিপিএ, ২০০৬; পিপিআর, ২০০৮ এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Power for Development Project) অনুসরণ করতে হবে।

গ) সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার থেকে পোনা সংগ্রহ ও ক্রয়ের জন্য কোন দরপত্র বা কোটেশনের প্রয়োজন হবে না।

## ২.৮ কমিটিসমূহ ও তাদের কার্যপরিধি

পোনা মজুদ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট জেলা এবং উপজেলায় ০২ (দুই)টি কমিটি থাকবে।

### ২.৮.১ জেলা কমিটি

| | |
|---|---|
| ক) মাননীয় জাতীয় সংসদ সদস্য (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা) | উপদেষ্টা |
| খ) জেলা প্রশাসক | সভাপতি |
| গ) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ঘ) জেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| ঙ) সংশ্লিষ্ট জেলার সরকারি কলেজের অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| চ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল -এর প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ছ) স্থানীয় প্রেস ক্লাবের প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| জ) নেতৃস্থানীয় এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঝ) মৎস্যজীবী সমবায় সমিতির জেলা প্রতিনিধি | সদস্য |
| ঞ) জেলা মৎস্য অফিসার | সদস্য-সচিব |

*কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

জেলা কমিটির কার্যপরিধি-

- পোনা মজুদ সঠিকভাবে হয়েছে কিনা তা মনিটরিং করা।
- মজুদকৃত জলাশয়ের প্রভাব নিরূপণ করা।
- পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা।
- উপজেলা কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান।

### ২.৮.২ উপজেলা কমিটি

| | |
|---|---|
| ক) মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| গ) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |

| | |
|---|---|
| ঘ) উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ঙ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| চ) উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ছ) উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| জ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য |
| ঝ) সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঞ) স্থানীয় এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ট) মৎস্য সমবায় সমিতির প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঠ) সিবিও সভাপতি/ সাধারণ সম্পাদক | সদস্য |
| ড) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/ উপজেলা মৎস্য অফিসার | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি-

- পোনা মজুদের জন্য উপযুক্ত জলাশয় নির্বাচন করা।
- গুণগতমানের পোনা ক্রয় নিশ্চিত করা।
- মজুদকৃত পোনা সংরক্ষণে স্থানীয় বিভিন্ন সম্প্রদায়কে উদ্বুদ্ধ ( motivate)করা ও সিবিও গঠনে সহায়তা করা।
- পোনা মজুদের সময় উল্লিখিত স্থানে উপস্থিত থেকে স্বচ্ছতা নিশ্চিত করা এবং প্রত্যয়নপত্র প্রদান করা।
- উল্লিখিত কার্যক্রম বাস্তবায়**নে** স্থানীয় সমস্যা সমাধান করা (যদি থাকে)।
- বিল নার্সারি স্থাপন এবং সিবিও গঠন ও পরিচালনায় সহযোগিতা করা।
- এ কমিটি পোনা গ্রহণ কমিটি হিসেবেও কাজ করবে।

### ২.৯ পোনা অবমুক্তকরণের রেকর্ড সংরক্ষণ ও প্রেরণ

ক) ক্রয়কারী দপ্তর পোনা অবমুক্তকরণের কমপক্ষে ১ (এক) সপ্তাহ পূর্বে প্রকল্প পরিচালক, জেলা কমিটি ও উর্ধ্বতন কর্তৃপক্ষ ও মহাপরিচালক মহোদয় কর্তৃক গঠিত পোনা অবমুক্তকরণ মনিটরিং টিম-এর জ্ঞাতার্থে সিডিউল প্রেরণ নিশ্চিত করতে হবে।

খ) ক্রয়কারী দপ্তর নির্বাচিত বিলে/জলাশয়ে সংশ্লিষ্ট কমিটি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে পোনা মাছ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নির্দিষ্ট পরিমাণ ও আকারের সুস্থ্য-সবল পোনামাছ গ্রহণ করে তা উক্ত বিলে/জলাশয়ে অবমুক্তির ব্যবস্থা করবেন। যে বিলে/জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা হবে তার আয়তন, অবমুক্তকৃত পোনামাছের প্রজাতি, কেজি প্রতি পোনার সংখ্যা এবং মোট কত সংখ্যক পোনামাছ অবমুক্ত করা হলো তার হিসাব সংরক্ষণ করবেন।জলাশয়ের তীরে ৪ ফুটX৩ফুট আকারের একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে। সাইনবোর্ডে জমিনের রঙ হবে হলুদ ও লেখার রঙ হবে কালো ও সবুজ।

গ) পোনা অবমুক্তির দিন সরবরাহকারী তাঁর সরবরাহকৃত পোনার জন্য একটি ঘোষণাপত্র প্রদান করবেন (পরিশিষ্ট-২)

ঘ) কমিটি সরবরাহকৃত পোনা অবমুক্ত করার পূর্বে নির্ধারিতছকপত্রে নমুনায়ন করবেন (পরিশিষ্ট-৩)।

ঙ) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে নির্ধারিত ছকপত্র ব্যবহার করে পোনা গ্রহণ করবেন (পরিশিষ্ট-৪)।

চ) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার প্রতিটি পোনা অবমুক্তি কার্যক্রমের শেষে উপস্থিত উপজেলা কমিটির অন্যান্য সদস্যদের নাম সহিযুক্ত একটি প্রত্যয়নপত্র গ্রহণ করবেন। উক্ত প্রত্যয়নপত্রের এক কপি নিজ দপ্তরে সংরক্ষণ, একটি করে কপি জেলা মৎস্য দপ্তর, উপ-পরিচালকের দপ্তর ও প্রকল্প পরিচালকের দপ্তরে অবশ্যই প্রেরণ করতে হবে (পরিশিষ্ট-৫)।

ছ) পোনা অবমুক্তি শেষ হবার পর যত দ্রুতসম্ভব কার্যক্রমটির সচিত্র প্রতিবেদন জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থাকরণসহ জেলা মৎস্য অফিসার, উপপরিচালক এবং প্রকল্প পরিচালকসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের

নিকট প্রেরণ করতে হবে। সব কার্যক্রমের স্থিরচিত্র (Photo) ও ভিডিও (Video) সংশ্লিষ্ট কার্যালয়ে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।

জ) বিল পরিশোধের পর অবিলম্বে হিসাবের reconcilliation প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে।

### ২.১০ পোনা ছাড়া পরবর্তী রিপোর্ট প্রেরণ

পোনা অবমুক্তির পর সব কার্যক্রমের স্থিরচিত্র, ভিডিও, পেপার কাটিং ও প্রত্যয়ন পত্রের সাথে নির্ধারিত ছকপত্রে প্রকল্প পরিচালক ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরণ করতে হবে।

### ২.১১ প্রকল্পভুক্ত জলাশয়ের প্রভাব নিরূপণ ছক

পোনা অবমুক্তির জলাশয়ের জীববৈচিত্র্য ও সিবিও সদস্যদের আর্থসামাজিক অবস্থার পরিবর্তন নিরূপণের জন্য জলাশয়ের প্রভাব নিরূপণ ছক পূরণ করে পাঠাতে হবে (পরিশিষ্ট-৬)।

## ৩.০ বিল নার্সারি ব্যবস্থাপনা

প্রকল্পভুক্ত বিভিন্ন উপজেলায় অবকাঠামোগত দিক বিবেচনা করে নির্বাচিত বিলের অপেক্ষাকৃত নিচু জায়গায় (শুকনো মৌসুমে ২-৩ ফুট পানি থাকে) বিল নার্সারি স্থাপনের জন্য জায়গা নির্বাচন করতে হবে। বিল নার্সারিতে কার্পজাতীয় ও দেশীয় ছোট মাছের রেণু মজুদ করা হবে এবং কমপক্ষে ২-৩ মাস লালন পালনের ব্যবস্থা করতে হবে যাতে করে বর্ষার সময় বিল নার্সারি প্লাবিত হলে পোনামাছ সমস্ত বিলে ছড়িয়ে পড়তে পারে।

### ৩.১ উপযুক্ত জলাভূমি নির্বাচন

ক) উপজেলায় অবকাঠামোগত দিক বিবেচনা করে শুকনো মৌসুমে যে সব উন্মুক্ত জলাশয়ে ৩-৪ মাস পানি থাকে এরকম বিল বা জলাশয় নির্বাচন করতে হবে। নির্বাচিত বিলের অপেক্ষাকৃত নিচু জায়গায় ( শুকনো মৌসুমে ২-৩ ফুট পানি থাকে) বিল নার্সারি স্থাপনের জন্য জায়গা নির্বাচন করতে হবে। সরকারি খাস জলমহালে বিল নার্সারি স্থাপন করা যাবে।

খ) জলাশয় নির্বাচনের সময় সরকারি খাস/আধাসরকারি/বেসরকারি বা ব্যক্তিমালিকানাধীন সব ধরনের জলাশয়ে বিল নার্সারি স্থাপন করা যাবে।

গ) বিল/জলাশয়ের তীরবর্তী ও পাশ্ববর্তী দরিদ্র জনগণের মধ্য থেকে সিবিও গঠনের মাধ্যমে বিল নার্সারি কার্যক্রম পরিচালিত হবে)

### ৩.২ উপযুক্ত জলাভূমি নির্বাচন পদ্ধতি

ক) দেশের সব খাস ও সরকারি জলাভূমি, বিল এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমিতে বিল নার্সারি স্থাপন করা সম্ভব নয় বিধায় আর্থ-সামাজিক দিক দিয়ে উপযুক্ত এমন জলাভূমি এবং যে এলাকায় বিল/ বর্ষা প্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমিতে বিল নার্সারি স্থাপন করলে সংলগ্ন এলাকার সব স্তরের লোকই সুফলভোগী জনগোষ্ঠী হবে সে এলাকার বিল/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি নির্বাচন করতে হবে।

খ) শুষ্ক মৌসুমে রেণু চাষ ও ব্যবস্থাপনার জন্য উপযুক্ত পরিবেশ বিদ্যমান, এমন খাস ও সরকারি জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি নির্বাচনের জন্য অগ্রাধিকার পাবে।

গ) মৎস্য অধিদপ্তরের অনুন্নয়ন খাত ও অন্যান্য উন্নয়ন প্রকল্পভুক্ত যেসব জলাভূমি বিল নার্সারি স্থাপনের আওতায় রয়েছে এবং ইতোমধ্যে যেসব জলাভূমিতে বিল নার্সারি স্থাপন করা হয়েছে কিংবা পরিকল্পনাভুক্ত রয়েছে সেসব জলাভূমি ও প্লাবনভূমি এ কার্যক্রমের আওতা বহির্ভূত থাকবে।

## ৩.৩ লালনযোগ্য প্রজাতি

ক) নির্বাচিত জলাভূমিতে রুইজাতীয় মাছের (রুই, কাতলা,মৃগেল,কালিবাউস) উত্তম কৌলিতাত্ত্বিক গুণসম্পন্ন রেণু লালন করতে হবে। হেক্টর প্রতি সর্বোচ্চ ২.৫ কেজি রুইজাতীয় মাছের রেণু লালন করা যাবে। প্রজাতি অনুপাত নিম্নরূপ হবে:

- কাতলা - ২০%
- রুই - ৫০, এবং
- মৃগেল/কালবাউস/গনিয়া - ৩০%।

খ) দেশীয় প্রজাতির অন্যান্য মাছ (কৈ,শিং, মাগুর, ফলি, চিতল, মেনি, পাবদা, গুলশা ইত্যাদি)-এর জন্যও বিল নার্সারি স্থাপন করা যাবে।

## ৩.৪ বিল নার্সারি স্থাপনের সময়কাল

শীতের শেষে ফেব্রুয়ারি মাসের দিকে যখন তাপমাত্রা রেণু লালনের উপযুক্ত হয় এবং রুইজাতীয় মাছের রেণু পাওয়া যায় তখন বিল নার্সারিতে রেণু মজুদ করতে হবে। প্রারম্ভিক সব প্রস্তুতি রেণু ছাড়ার আগেই সম্পন্ন করতে হবে।

## ৩.৫ রেণু মজুদের স্থান চিহ্নিতকরণ

জলাভূমির এমন একটি স্থান চিহ্নিত করতে হবে যেখানে শুকনো মৌসুমে ৪-৫ মাস ২-৩ ফুট পানি থাকে এবং পোনা পরিবহন, যাতায়াত ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধার জন্য উপযুক্ত হয়।

## ৩.৬ বেজলাইন সার্ভে ফরম পুরণ

পোনা মাছ মজুদের জন্য ব্যবহৃত ফরম (পরিশিষ্ট-১) বিল নার্সারির জন্য ব্যবহার করতে হবে।

## ৩.৭ বিল নার্সারির বরাদ্দ বিভাজন

বিল নার্সারি স্থাপনে হেক্টর প্রতি প্রাক্কলন নিম্নরূপ-

| ক্রমিক নং | প্রয়োজনীয় উপকরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | জলাশয় প্রস্তুতি | |
| | শুকানো/ রোটেনন প্রয়োগ | থোক |
| | আগাছা পরিষ্কার ও পাড় মেরামত/ জাল-বানার ঘের | থোক |
| | চুন (কেজি) | ২৪৭ |
| ২. | সার | |
| | গোবর (কেজি) | ১৫০০ |
| | ইউরিয়া (কেজি) ৩ বার | ১২০ |
| | টিএসপি (কেজি) ৩ বার | ৬০ |
| ৩. | রুইজাতীয় মাছের রেণু (কেজি) | ২.৫ |
| ৪. | খাদ্য | |
| | সরিষার খৈল (কেজি) | ২০০০ |
| | গম/ চালের কুঁড়া (কেজি) | ২০০০ |
| ৫. | অন্যান্য (শ্রমিক, রাসায়নিক দ্রব্যাদি, জাল ভাড়া, সাইনবোর্ড স্থাপন) | থোক |

## ৩.৮ কমিটিসমূহ ও তাদের কার্যপরিধি

বিল নার্সারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট জেলা এবং উপজেলায় ০২ (দুই)টি কমিটি থাকবে।

### ৩.৮.১ জেলা কমিটি

ক) মাননীয় জাতীয় সংসদ সদস্য (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা) উপদেষ্টা

| | |
|---|---|
| খ) জেলা প্রশাসক | সভাপতি |
| গ) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ঘ) জেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| ঙ) সংশ্লিষ্ট জেলার সরকারি কলেজের অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| চ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল -এর প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ছ) স্থানীয় প্রেস ক্লাবের প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| জ) নেতৃস্থানীয় এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঝ) মৎস্যজীবী সমবায় সমিতির জেলা প্রতিনিধি | সদস্য |
| ঞ) জেলা মৎস্য অফিসার | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

জেলা কমিটির কার্যপরিধি-

- বিল নার্সারি কার্যক্রম নির্দেশাবলী অনুসারে সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা মনিটরিং করা।
- সংশ্লিষ্ট জলাশয়ে বিল নার্সারি স্থাপনের প্রভাব নিরূপণ করা।
- কার্যক্রম বাস্তবায়নে উদ্ভুত সমস্যা সমাধানে উপজেলা কমিটিকে পরামর্শ ও সহায়তা করা (যদি থাকে)।
- পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা।

৩.৮.২ উপজেলা কমিটি

| | |
|---|---|
| ক) মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| গ) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ঘ) উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ঙ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| চ) উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ছ) উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| জ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য |
| ঝ) সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঞ) স্থানীয় এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ট) মৎস্য সমবায় সমিতির প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঠ) সিবিও সভাপতি/ সাধারণ সম্পাদক | সদস্য |
| ড) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার | সদস্য-সচিব |

উপজেলা কমিটির কার্যপরিধি-

- বিল নার্সারি জন্য উপযুক্ত জলাশয় নির্বাচন করা।
- উত্তম কৌলিতাত্ত্বিক গুণসম্পন্ন রেণু ক্রয় নিশ্চিত করা।
- মজুদকৃত রেণু বর্ষার পানিতে পোনা হিসাবে অবমুক্তযোগ্য আকারে পৌছার পূর্ব পর্যন্ত সংরক্ষণ করাএবং পরবর্তীতে এ সব পোনামাছ আহরণযোগ্য আকারে না পৌছানো পর্যন্ত ধরা হতে বিরত রাখা।
- বিল নার্সারি কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিত করা এবং প্রত্যয়নপত্র প্রদান করা।
- কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় সমস্যা সমাধান করা।

## ৩.৯ বিল নার্সারির রেকর্ড সংরক্ষণ

- সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার বিল নার্সারির প্রস্তুতি থেকে শুরু করে পোনা অবমুক্তি পর্যন্ত সব রেকর্ড নিয়মিতভাবে সংরক্ষণ করবেন।
- নিয়মিত খাদ্য ও সার প্রদানের ব্যবস্থা, নমুনায়ন এবং তার রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

- রেণু/ পোনার স্বাস্থ্য পরীক্ষাকরে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- জলাশয়ের তীরে ৪ ফুটX৩ ফুট আকারের একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে। সাইনবোর্ডে জমিনের রঙ হবে হলুদ ও লেখার রঙ হবে কালো ও সবুজ। সাইনবোর্ডের নমুনা দেয়া হলো (পরিশিষ্ট-৭)।
- ১ হেক্টর বিল নার্সারিতে ১,০০,০০০ টাকা ব্যয়ে ১০-১৪ সে.মি. আকারের ন্যূনতম ১,০০,০০০টি পোনা উৎপাদন করতে হবে।

### ৩.১০ পোনা অবমুক্তকরণ

- সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার পোনা অবমুক্তকরণের পূর্বে উপজেলা কমিটির সহায়তা গ্রহণ করে বিল নার্সারিতে উৎপাদিত পোনার পরিমাণ নির্ধারণপূর্বক উপজেলা কমিটির উপস্থিতিতে পোনা অবমুক্ত করতে হবে। উপজেলা কমিটি অবমুক্তকৃত পোনার পরিমাণ সম্পর্কে প্রত্যয়নপত্র প্রদান করবে (পরিশিষ্ট-৮)।

- পোনা অবমুক্তি পর্যন্ত বিল নার্সারির সব কার্যক্রমের স্থিরচিত্র (Photo) ও ভিডিও (Video) সংশ্লিষ্ট কার্যালয়ে আবশ্যিকভাবে সংরক্ষণকরতে হবে। যত দ্রুতসম্ভব কার্যক্রমটির সচিত্র প্রতিবেদন জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রচেষ্টা গ্রহণসহ প্রকল্প পরিচালক ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

### ৩.১১ পোনা অবমুক্তি পরবর্তী রিপোর্ট প্রেরণ

বিল নার্সারিতে উৎপাদিতপোনা অবমুক্তির পর সব কার্যক্রমের স্থিরচিত্র, পেপার কাটিং ও প্রত্যয়ন পত্রের সাথে নিচের ছকপত্রে প্রকল্প পরিচালক ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরণ করতে হবে (পরিশিষ্ট-৯)।

### ৩.১২ প্রকল্পভুক্ত জলাশয়ের প্রভাব নিরূপণ জরিপ ছক

পোনা মাছ মজুদের জন্য ব্যবহৃত ফরমটি বিল নার্সারির জন্যও ব্যবহার করতে হবে (পরিশিষ্ট-৬)।

## ৪.০ সমাজভিত্তিক সংগঠন ব্যবস্থাপনা

প্রকল্প কার্যক্রম, সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও প্রকল্প পরবর্তী সময়ে কার্যক্রমকে ধরে রাখার জন্য প্রকল্পের মাধ্যমে সমাজভিত্তিক সংগঠন (Community Based Oorganization - CBO) তৈরি করা হবে। সমাজভিত্তিক সংগঠন সব স্বার্থসংশ্লিষ্ট গ্রুপ (Stakeholder) (মৎস্যজীবি, মৎস্যচাষি, মৎস্য ব্যবসায়ি, ভূমিহীন, জলাশয়ের অন্যান্য ব্যবহারকারী) -এর জনগণকে নিয়ে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তায় গঠন করবেন। প্রকল্পের অর্থায়নে যে সব জলাশয়ে বিল নার্সারি স্থাপন বা পোনা অবমুক্তকরণ বা অভয়াশ্রম প্রতিষ্ঠা করা হবে সে সব জলাশয়ের সংশ্লিষ্ট সুফলভোগী জনগোষ্ঠী নিয়ে **সমাজভিত্তিক সংগঠন** (সিবিও) গঠন করা হবে। গঠিত সিবিও সমবায় অধিদপ্তরে নিবন্ধন গ্রহণ করবেন। এব্যাপারে মৎস্য অধিদপ্তর কোন প্রকার আর্থিক সহায়তা করবে না। সিবিও সদস্যগণ অবমুক্ত পোনা আহরণযোগ্য আকারে পৌঁছানোর পূর্ব পর্যন্ত লালন পালন ও রক্ষণাবেক্ষণ করবে। মাঠ পর্যায়ের অফিসারগণ প্রজনন ক্ষম দেশীয় প্রজাতির ছোট মাছের (SIS) মজুদ ঘনত্ব ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সিবিও সদস্যদের মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠার ব্যাপারে উদ্বুদ্ধ করবে। সিবিও সদস্যবর্গের তালিকা ডাটাবেজ আকারে প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

### ৪.১ সদস্য হওয়ার যোগ্যতা

বিলের/জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী গ্রামের মৎস্যজীবী, মৎস্যচাষি, ভূমি মালিক, ভূমিহীন, দরিদ্র, নিঃস্ব, দুঃস্থ মহিলা, বেকার যুবক ও যুব মহিলা সমন্বয়ে সমাজভিত্তিক সংগঠন গঠিত হবে।

### ৪.২ সদস্য সংখ্যা

- প্রতি হেক্টরের জন্য নির্ধারিত সদস্য সংখ্যা হবে ০২ জন।
- সিবিওর সদস্য সংখ্যা অনধিক ২০০ জন হবে।
- সিবিওর সদস্য সংখ্যার কমপক্ষে ২৫% নারী সদস্য থাকবে।

## ৪.৩ সিবিওর সাধারণ কার্যক্রম

- পোনা মজুদের পর সংশ্লিষ্ট বিলের সার্বিক ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণএবং কমপক্ষে ৪ মাস সুফলভোগীসহ সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত বিলে মৎস্য আহরণে বিরত রাখা, মৎস্য আইন সঠিকভাবে বাস্তবায়ন করা।
- সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের সহযোগিতা/পরামর্শক্রমে সকল সিবিও তাদের সদস্যদের সঞ্চয় এর ব্যবস্থা করবে এবং চাঁদার পরিমাণ নির্ধারণ করবে। সংগৃহীত চাঁদা সিবিও কার্যনির্বাহী কমিটির ব্যাংক হিসাবে জমা রাখতে হবে।
- প্রতি মাসে সিবিওসমূহ তাদের সকল সদস্য নিয়ে কমপক্ষে একবার সাধারণ সভা করবে।
- বিল/জলাশয়ে আহরণযোগ্য আকারে পৌঁছানোর পূর্ব পর্যন্ত পোনামাছ আহরণ থেকে বিরত থাকা ও অন্যান্য সার্বিক ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবে।
- সাংগঠনিক যেকোন সিদ্ধান্ত সাধারণ সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যদের অনুমোদন নিতে হবে।

## ৪.৪ কার্যনির্বাহী কমিটির রূপরেখা

কমিউনিটি দলের কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সিবিও সদস্যদের মধ্য থেকে ন্যূনতম ২ জন নারী সদস্যসহ ১১ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির গঠন নিম্নরূপ-

১) সভাপতি - ০১ জন
২) সহ-সভাপতি - ০১ জন
৩) সাধারণ সম্পাদক - ০১ জন
৪) সহ-সাধারণ সম্পাদক - ০১ জন
৫) কোষাধ্যক্ষ - ০১ জন
৬) সদস্য - ৬ জন।

কার্যনির্বাহী কমিটির কার্যপরিধি

- কমিটি সকল সদস্যের পক্ষে সংশ্লিষ্ট জলাশয়টি ব্যবস্থাপনা করবে।
- সংশ্লিষ্ট জলাশয় ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সকল সদস্যকে সাধারণ সভায় অবগত করবে, প্রয়োজনে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের অনুমোদন নেবে।
- সংগঠনের রেকর্ডপত্র সংরক্ষণ করবে।
- কমিটি আর্থিক বিষয়াদি পরিচালনা করবে এবং যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করবে। সভাপতি, সাধারণ সম্পাদক ও কেষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে এবং সাধারণ সম্পাদকসহ যেকোনো ০২ জনের যৌথ স্বাক্ষরেব্যাংক হিসাব হতে অর্থ উত্তোলন করা যাবে।
- কমিটি সার্বক্ষণিকভাবে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের সাথে যোগাযোগ রক্ষা করবে এবং প্রয়োজনে তাঁর বা তাঁর মাধ্যমে উপজেলা কমিটির সহায়তা নেবে।
- তালিকাভুক্ত সুফলভোগীগণ যাতে মৎস্য আইনের বাস্তবায়নসহ অন্যান্য দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন করে তা নিশ্চিত করবে।
- অভয়াশ্রম স্থাপনে সদস্যদের নিয়ে কাজ করবে।
- জলাশয় ব্যবস্থাপনায় ত্রুটি দেখা গেলে সাধারণ সভার মাধ্যমে সাধারণ সদস্যদের মতামত নিয়ে ব্যবস্থা গ্রহণ করবে। সমস্যা সমাধান করা না গেলে উপজেলা কমিটির সহায়তা নেবে এবং প্রয়োজনে জেলা কমিটির সহায়তা নেবে।
- কমিটি সরকারি ও সুফলভোগীদের স্বার্থ সংরক্ষণকরে কাজ করবে।
- পোনা মজুদের পর সংশ্লিষ্ট বিলের সার্বিক ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ এবং কমপক্ষে ৩ মাস সুফলভোগীসহ সংশ্লিষ্ট সকলকে উল্লেখিত বিল-এ মৎস্য আহরণে বিরত রাখা এবং মৎস্য আইন সঠিকভাবে বাস্তবায়ন করা।
- সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের সহযোগিতা/পরামর্শক্রমে সকল সিবিও তাদের সদস্যদের সঞ্চয় এর ব্যবস্থা করবে।

- প্রতি মাসে সিবিওতাদের সকল সদস্য নিয়ে কমপক্ষে একবার সাধারণ সভা করবে। বিল/জলাশয়ে মজুদ পরবর্তী ৩ মাসের পর অতিরিক্ত সময় মজুদকৃত পোনামাছ আহরণ থেকে বিরত থাকা ও অন্যান্য সার্বিক ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবে।
- মৎস্য আহরণের অব্যবহিত পর কার্যনির্বাহী কমিটি একটি সাধারণ সভা আহবান করবে। উক্ত সভায় বার্ষিক প্রতিবেদন ও আয়-ব্যয়ের হিসাব দাখিল করা হবে এবং মাছ বিক্রয় করে প্রাপ্ত লভ্যাংশের ৬০% অর্থ আনুপাতিক হারে সিবিওর সাধারণ সদস্যেদের মধ্যে বিতরণ করতে হবে। অবশিষ্ট ৪০% অর্থ ব্যাংক হিসাবে জমা করা হবে। পরবর্তী বছরসমূহে জমাকৃত অর্থ ব্যয় করে নিজেরাই প্রকল্পের প্রয়োজনীয় পোনা মজুদ, বিল নার্সারি স্থাপন ও অভয়াশ্রম স্থাপনসহ যাবতীয় কার্যাবলি সম্পাদন করবে।
- মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠার ব্যাপারে উদ্যোগ নেবে এবং সেমতে অভয়াশ্রম প্রতিষ্ঠা করবে।

### ৪.৫ কার্যনির্বাহী কমিটির সদস্যপদ বাতিল হবার কারণ

- সদস্য হিসাবে থাকতে অনীহা প্রকাশ করলে বা অন্যত্র চলে গেলে বা মৃত্যু হলে।
- সাধারণ সদস্যপদ বাতিল হয়ে গেলে।
- সিবিও পরিচালনায় অংশগ্রহণ না করলে, অনীহা প্রকাশ করলে বা পরিচালনায় অসমর্থ হলে।
- নির্দেশাবলীবহির্ভূতকর্মকান্ডে অংশগ্রহণ করলে।
- আর্থিক অনিয়ম করলে বা জড়িত থাকলে।

### ৪.৬ কার্যনির্বাহী কমিটির সদস্যপদ বাতিল করার পদ্ধতি

অভিযুক্ত ব্যাক্তির বিরুদ্ধে কার্যনির্বাহী কমিটির যেকোন সদস্য সুনির্দিষ্ট অভিযোগ কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক বা কোষাধ্যক্ষ (ক্রমান্বয়ে অভিযুক্ত না হবার শর্তে উচ্চতর পদাধিকারী) এর মাধ্যমে এবং এর ব্যতিক্রম হলে সরাসরি সাধারণ সভায় উপস্থাপন করবেন। সাধারণ সভায় সিবিওর মোট সদস্যের ৬০% এর সমর্থনের ভিত্তিতে বাতিল প্রস্তাব তৈরি হবে এবং তা উপজেলা মৎস্য দপ্তরে প্রেরণ করতে হবে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার বাতিলের ব্যাপারে তাঁর মন্তব্যসহ উপজেলা কমিটিতে উপস্থাপন করবেন। উপজেলা কমিটি চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার বাতিলের সিদ্ধান্ত প্রকল্প পরিচালক ও জেলা মৎস্য অফিসারকে অবহিত করবেন।

### ৪.৭ সাধারণ সদস্যপদ বাতিল হবার কারণ

- নির্দেশাবলীবহির্ভূত কর্মকান্ডে অংশগ্রহণ করলে।
- দলপতির বিনা অনুমতিতে পরপর ৩টি সাধারণ সভায় ইচ্ছাকৃতভাবে অনুপস্থিত থাকলে।
- গ্রুপ কর্তৃক নির্ধারিত চাঁদা সময়মতো পরিশোধ না করলে।
- প্রকল্পের অফিসার ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারদের দেয়া পরামর্শ ও নির্দেশাবলি বাস্তবায়নে অংশগ্রহণ না করলে।
- সদস্য হিসাবে থাকতে অনীহা প্রকাশ করলে বা অন্যত্র চলে গেলে বা মৃত্যু হলে।

### ৪.৮ সাধারণ সদস্যপদ বাতিল করার পদ্ধতি

অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ কমিটির সভাপতি বা সাধারণ সম্পাদক এর মাধ্যমে এবং এর ব্যতিক্রম হলে সরাসরি সাধারণ সভায় উপস্থাপন করবেন। সাধারণ সভায় সিবিও-র মোট সদস্যের ৫০% -এর অধিক সদস্যের সমর্থনের ভিত্তিতে বাতিল প্রস্তাব তৈরি হবে এবং তা উপজেলা মৎস্য দপ্তরে প্রেরণ করতে হবে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার বাতিলের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং প্রকল্প পরিচালক ও জেলা মৎস্য অফিসারকে অবহিত করবেন।

### ৪.৯ সিবিওরসুফলভোগী দল বাতিল হবার কারণ

- সরকারি জলমহাল হলে তার ইজারা পরিশোধে ব্যর্থ হলে।
- ইজারাকৃত জলাশয় সময়মত নবায়ন না করলে এবং ইজারাস্বত্ত্ব পরিবর্তন হলে।

- অন্য যেকোন কারণে জলাশয়ের ওপর নিয়ন্ত্রণ বা অধিকার হারালে।
- নির্দেশাবলী অনুযায়ী কর্মকান্ড পরিচালনায় ব্যর্থ হলে।
- জলাশয়ের উৎপাদন বা জীববৈচিত্র্য বৃদ্ধি না পেলে।
- সঞ্চয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে ব্যর্থ হলে।

### ৪.১০ সিবিও দল বাতিল করার পদ্ধতি

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের নিকট কোন সিবিও সুফলভোগী দলের মধ্যে উল্লিখিত কারণসমূহের মধ্যে এক বা একাধিক কারণে দলটি বাতিলযোগ্য বলে প্রতীয়মান হয়; তাহলে বাতিলের ব্যাপারে তাঁর মন্তব্যসহ উপজেলা কমিটিতে উপস্থাপন করবেন। উপজেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার বাতিলের সিদ্ধান্ত জেলা মৎস্য অফিসার ও প্রকল্প পরিচালককে অবহিত করবেন। প্রকল্প পরিচালক চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং সংশ্লিষ্টদের অবহিত করবেন। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারসিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

## ৫.০ আবাসস্থল পুনরুদ্ধার/জলাশয় উন্নয়ন

বিভিন্ন ধরনের জলাশয় খনন ও পুনঃখনন কাজ বাস্তবায়নে নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে।

### ৫.১ জলাশয় নির্বাচন

ডিপিপিতে তালিকাভুক্ত পুকুর, খাল, বিল, হাওর, বরোপিট, মরা নদী, ইত্যাদি জলাশয়ের মধ্য থেকে স্কিম নির্বাচন করতে হবে। স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও মৎস্যজীবীদের সহায়তায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক স্কিম চিহ্নিতকরণ ও উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক তা অনুমোদিত হতে হবে।

প্রকল্পের আওতাভুক্ত জলাশয় পুনঃখননের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM), কোটেশন (RFQ) অথবা এলসিএস (LCS) পদ্ধতি অনুসরণ করা যাবে। জলাশয় খনন বা পুনখননে প্রয়োজনে Excavator ব্যবহার করা যাবে। এলসিএস পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে তালিকাভুক্ত জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী গ্রামের ভূমিহীন, দরিদ্র, নিঃস্ব, প্রান্তিক চাষি, দুঃস্থ ও বিধবা মহিলা, বেকার যুবক/যুব মহিলা সমন্বয়ে সুফলভোগী দল গঠন করতে হবে। সুফলভোগী দলের সদস্য সংখ্যা হবে হেক্টর প্রতি ১০-১২ জন। স্থানীয় জন প্রতিনিধি ও অন্যান্য স্টেকহোল্ডারদের সহায়তায় নির্বাচিত জলাশয়ের জন্য গঠিত সুফলভোগী দল অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/ উপজেলা মৎস্য অফিসার উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করবেন এবং পরবর্তীতে এলসিএস (চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি) গঠনপূর্বক পুকুর/অন্যান্য বদ্ধ জলাশয়, বিল/জলাভূমি পুনঃখননের কাজ বাস্তবায়িত হবে। উল্লেখ্য যে, কার্যক্রম শুরুর পূর্বেই উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র (NOC) গ্রহণ করতে হবে।

বিভিন্ন সরকারি সংস্থা হতে অনাপত্তিপত্র প্রাপ্ত এবং প্রকল্পে অন্তর্ভুক্ত জলাশয়ের তালিকা বহির্ভূত মাছ চাষযোগ্য অন্য কোন ভাল জলাশয় পাওয়া গেলে তা উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকার অনুমোদনের পর প্রকল্পভুক্ত করা যাবে এবং প্রকল্পভুক্তির পর তা উন্নয়ন করা যাবে।

### ৫.২ জলাশয় বা পুকুর নির্বাচন ও সুফলভোগী দল গঠন

ভরাট হয়ে যাওয়া বিভিন্ন সরকারি-বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন পুকুর সংস্কারের ক্ষেত্রে অথবা মৎস্যচাষ প্রদর্শনী খামার প্রতিষ্ঠায় যদি পুকুর মালিক তার পুকুরটি ঐ পুকুরের পার্শ্ববর্তী ভূমিহীন, দরিদ্র, নিঃস্ব, প্রান্তিক চাষি, দুস্থ ও বিধবা মহিলা, বেকার যুবক/যুব মহিলা বা লিফগণকে নিয়ে গঠিত সুফলভোগী দলকে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের জন্য ইজারা প্রদানে রাজী থাকেন তা হলে ঐ পুকুর সংস্কারের জন্য বা প্রদর্শনী খামার প্রতিষ্ঠার

জন্য বিবেচনা করা যেতে পারে। সে ক্ষেত্রে মাছ চাষের মাধ্যমে প্রাপ্ত লাভের ৩০% পুকুর মালিক পাবেন এবং বাকী ৭০% সুফলভোগী সদস্যদের মধ্যে সমভাবে বণ্টন করতে হবে অথবা সংশ্লিষ্ট ডিপিপি'র নির্দেশনা অনুযায়ী হবে। এ বিষয়ে পুকুর মালিক ও সুফলভোগী সদস্যদের মধ্যে একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে। এ ধরনের পুকুর সংস্কারের ক্ষেত্রে পুকুর মালিককে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার বরাবরে আবেদন করতে হবে।

### ৫.৩ পুন:খনন স্কিম নির্বাচন পদ্ধতি

৫.৩.১ ডিপিপি'তে তালিকাভুক্ত (যদি থাকে) সরকারি পুকুর ও অন্যান্য বদ্ধ জলাশয় এবং বিল/জলাশয়র মধ্যে থেকে স্কিম নির্বাচন।

৫.৩.২ স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও মৎস্যজীবীদের সহায়তায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক স্কিম চিহ্নিতকরণ ও উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক স্কিম গ্রহণের জন্য সুপারিশকরণ।

৫.৩.৩ মাছ চাষের কৌশলগত দিক ও সুফলভোগীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের দিক বিবেচনাকরণ।

৫.৩.৪ জলাশয়টি দরিদ্র সুফলভোগীদের নিকট ৫ বৎসর ইজারা প্রদান করা যাবে এমন জলাশয় নির্বাচন।

৫.৩.৫ সুফলভোগী সদস্য/সদস্যাদের বাড়ীর নিকটবর্তী জলাশয় নির্বাচন।

৫.৩.৬ মাছ চাষের জন্য পানির গুণাগুণ, যেমন-লবণক্তা, পিএইচ, লোহার পরিমাণ, ইত্যাদি যথাযথভাবে বিবেচনাকরণ।

৫.৩.৭ স্কিম বা প্রদর্শনী খামার অন্য কোন প্রকল্পভুক্ত আছে কিনা তা যাচাইকরণ এবং অন্য প্রকল্পভুক্ত থাকলে এ প্রকল্পের স্কিমের আওতায় না আনা ।

৫.৩.৮ ডিপিপি'র তালিকা বর্হিভূত সরকারি পুকুর ও অন্যান্য বদ্ধ জলাশয় এবং বিল/ জলাভূমির স্কিম বিবেচনা না করা।

৫.৩.৯ স্কিম বা প্রদর্শনী খামার নির্বাচনের সময় গ্রুপ সদস্যদের মধ্যে কমপক্ষে ২৫% নারী সদস্য অন্তর্ভুক্তির বিষয়টি বিবেচনাকরণ।

৫.৩.১০ পুনঃখননের ক্ষেত্রে প্রতি হেক্টরে সর্বোচ্চ ১৫,০০০ (পনের হাজার) ঘন মিটার মাটি খনন করতে হয় এমন জলাশয় নির্বাচন।

৫.৩.১১ স্কিমের ডিজাইন গভীরতা ৩ মিটারের বেশি হবে না। কোন কারণে গভীরতা ৩ মিটারের বেশি হলে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক অনুমোদনকারী কর্তৃপক্ষকে উপযুক্ত কারিগরি ব্যাখ্যা প্রদান।

৫.৩.১২ স্কিম নির্বাচনের সময় পরিবেশগত বিষয়সমূহ বিবেচনাকরণ।

### ৫.৪ স্কিমের ডিজাইন

৫.৪.১ **পার্শ্বঢাল:** মাটির ধরনের ওপর নির্ভর করে সর্বোচ্চ পার্শ্ব ঢাল নিম্নরূপ হবে:

| মাটির প্রকার | সর্বোচ্চ পার্শ্বঢাল |
|---|---|
| কাঁদা মাটি | ১:২ |
| পলিযুক্ত কাঁদামাটি | ১:১.৫ |
| কাঁদাযুক্ত পলিমাটি | ১:১.৫ |
| পলি মাটি | ১:২ |
| বালু মাটি | ১:৩ |

৫.৪.২ **বকচর:** মাটি কাটার সময় বা পাড় নির্মাণের সময় কমপক্ষে ১ মিটার বকচর রাখতে হবে। যদি ডিজাইন গভীরতা বা পাড়ের উচ্চতা ৩.০ মিটারের বেশি হয় তবে মধ্যবর্তী স্থানে অতিরিক্ত আরো একটি ১.০ মিটার বকচর তৈরি করতে হবে।

৫.৪.৩ **পাড়ের উচ্চতা:** প্রস্তাবিত পাড়ের উচ্চতা ঐ অঞ্চলের সর্বোচ্চ বন্যামুক্ত-লেভেল -এর উপর কমপক্ষে ০.৫ মিটার উঁচু রাখতে হবে (আনুমানিক ডিজাইন উচ্চতার ২০%)।

৫.৪.৪ **পাড়ের উপরিভাগের প্রস্থ:** পুকুর পাড়ের উপরিভাগের প্রস্থ সর্বনিম্ন ২.০ মিটার (৬.৫ ফুট) করতে হবে।

৫.৪.৫ উন্নয়নকৃত জলাশয়ের পাড় লেভেলিং, ড্রেসিং এবং টার্ফিং সম্পন্ন করতে হবে যাতে নির্মিত পাড়ে সব্জি এবং ফলমূলের গাছ লাগানো যায়।

## ৫.৫ স্কিম তৈরিকরণ

৫.৫.১ স্কিম তৈরির জন্য অনুমোদিত ছক (পরিশিষ্ট-১০) ব্যবহার করতে হবে। স্কিম ছকের প্রতিটি বিষয় সতর্কতার সাথে পূরণ করতে হবে।

৫.৫.২ সরকারি পুকুর ও অন্যান্য বদ্ধ জলাশয় এবং বিল/জলাশয় এর প্রি-ওয়ার্ক সার্ভে সাউন্ডিং পদ্ধতিতে নিতে হবে। বৃহৎ জলাশয়ের ক্ষেত্রে লেভেলিং মেশিন ব্যবহার করে সার্ভে করতে হবে। প্রি-ওয়ার্ক সার্ভের সময় অবশ্যই বেঞ্চ মার্ক (Bench Mark) নির্ধারণ করতে হবে।

৫.৫.৩ বিল/জলাশয় খনন/পুনঃখনন স্কিমের ক্ষেত্রে ১০০ মিটার পরপর আড়াআড়ি পরিমাপ গ্রহণ করতে হবে। প্রয়োজন বোধে অতিরিক্ত আড়াআড়ি পরিমাপ গ্রহণ করা যেতে পারে।

৫.৫.৪ পুকুর স্কিমের ক্ষেত্রে ৫ থেকে ১০ মিটার পরপর আড়াআড়ি পরিমাপ গ্রহণ করতে হবে।

৫.৫.৫ আড়াআড়ি পরিমাপসমূহে ৩ মিটার পরপর গভীরতা/ উচ্চতা গ্রহণ করতে হবে।

৫.৫.৬ পরিমাপসমূহ প্রি-ওয়ার্ক সার্ভে ডাটাসিটে সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে (পরিশিষ্ট-১১)।

৫.৫.৭ জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠান অর্থাৎ ভূমি মন্ত্রণালয়, পানি উন্নয়ন বোর্ড ইত্যাদি সরকারি প্রতিষ্ঠানের নিকট থেকে অবশ্যই অনাপত্তিপত্র (NOC) সংগ্রহ করে স্কিমের সাথে সংযুক্ত করতে হবে।

৫.৫.৮ উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক স্কিম গ্রহণ সংক্রান্ত সুপারিশ সম্বলিত রেজুলেশনের কপি অবশ্যই স্কিমের সাথে সংযুক্ত করতে হবে।

৫.৫.৯ অনুমোদিত সুফলভোগীদের তালিকা অবশ্যই স্কিমের সাথে সংযুক্ত করতে হবে।

## ৫.৬ প্রি-ওয়ার্ক এবং পোষ্ট-ওয়ার্ক জরিপ

৫.৬.১ মাঠ পর্যায় হতে প্রাপ্ত স্কিমের প্রি-ওয়ার্ক মৎস্য অধিদপ্তর অথবা প্রকল্প কর্তৃপক্ষ তাঁদের প্রতিনিধি/ প্রকৌশলীর মাধ্যমে যেকোন সময় প্রি-ওয়ার্ক এবং পোষ্ট-ওয়ার্ক পুনঃপরিমাপ গ্রহণ করতে পারবেন। প্রিওয়ার্ক গ্রহণকালে স্থিরচিত্রে এবং ক্ষেত্রবিশেষে ভিডিওচিত্র গ্রহণের মাধ্যমে প্রমাণক সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

৫.৬.২ প্রতিনিধি কর্তৃক প্রদত্ত প্রি-ওয়ার্ক সার্ভে ফলাফল এবং মাঠ পর্যায় থেকে প্রদত্ত স্কিমের সার্ভে ফলাফলের পার্থক্য যদি-

ক) ৫% এর মধ্যে অথবা সমান হয় তবে এই অবস্থায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ অপরিবর্তিত থাকবে।

খ) যদি পার্থক্যের পরিমাণ ৫% এর উর্ধে কিন্তু ৩০% এর নিম্নে হয় তবে গৃহীত সার্ভে রিপোর্ট অনুযায়ী অর্থের পরিমাণ কমানো হবে। অতিরিক্ত প্রি-ওয়ার্ক গৃহীত স্কিমে অর্থের বরাদ্দ বাড়ানো হবে না।

গ) যদি পার্থক্য ৩০% এর অধিক হয় তবে স্কিমটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫.৬.৩ পোষ্ট-ওয়ার্ক পরিমাপের ক্ষেত্রে ব্যবহৃত অর্থের পরিমাণ এবং মৎস্য অধিদপ্তর বা প্রকল্প কর্তৃপক্ষের প্রতিনিধি কর্তৃক পরিমাপকৃত অর্থের পরিমাণের পার্থক্য যদি ৫% এর বেশি হয় তবে মাঠ পর্যায় থেকে ব্যবহৃত অর্থের পরিমাণ এবং মৎস্য অধিদপ্তর/ প্রকল্প কর্তৃপক্ষের প্রতিনিধি কর্তৃক গৃহিত সার্ভে ডাটাসিটে মাঠ পর্যায়ে স্কিমের দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তা/ সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী অথবা বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাক্ষর করবেন।

৫.৬.৪ প্রতিনিধি কর্তৃক গৃহীত প্রি-ওয়ার্ক এবং পোস্ট ওয়ার্ক সার্ভে টিম কর্তৃক পরিমাপের ওপর সংশ্লিষ্ট স্কিম তৈরিকারী অর্থাৎ বাস্তবায়নকারী সত্তার কোন আপত্তি থাকলে উহা পরিমাপ গ্রহণের/সার্ভে সম্পন্ন করার তারিখের ১০ দিনের মধ্যে লিখিতভাবে প্রকল্প কর্তৃপক্ষকে জানাতে হবে।

৫.৬.৫ আপত্তি পুনঃযাচাই করার প্রয়োজনীয়তা দেখা দিলে পুনঃকমিটি বা টিম গঠন করা যেতে পারে কিংবা পরিমাপের বিষয়ে প্রকল্প পরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

### ৫.৭ অর্থের চাহিদা

৫.৭.১ সরকারি পুকুর ও অন্যান্য বদ্ধ জলাশয় এবং বিল/জলাশয় ইত্যাদি খনন/পুনঃখনন কাজের জন্য প্রাক্কলন প্রস্তুতিতে ডিপিপি'তে অনুমোদিত রেট অনুসরণ করতে হবে (লেভেলিং, ড্রেসিং, টার্ফিং, সরদার ও পরিদর্শকের মজুরীসহ সমুদয় খরচ)।

৫.৭.২ অনুমোদিত বরাদ্দের মধ্যে নির্ধারিত কাজ সমাপ্ত করতে হবে।

৫.৭.৩ সম্পাদিত কাজের বিল হতে সরকারি বিধি অনুযায়ী VAT/TAX/IT কর্তন করতে হবে।

### ৫.৮ স্কিম নির্বাচন, দাখিল, পর্যালোচনা এবং অনুমোদন পদ্ধতি

৫.৮.১ সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে স্কিম নির্বাচনের জন্য সুপারিশ করবেন এবং নির্বাচিত স্কিমের স্থানে মাটি খননের পর সুফলভোগীরা মাছচাষ করবে এবং এ জলাশয়ে সারাবছর মাছচাষ উপযোগী পানি থাকবে তা উক্ত কমিটি কর্তৃক নিশ্চিত করতে হবে। তা না হলে তারা দায়ী থাকবেন।

৫.৮.২ সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক নির্বাচিত স্কিম সংশ্লিষ্ট কারিগরি কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলীর সহায়তায় স্কিম তৈরিপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসার বরাবর দাখিল করবেন।

৫.৮.৩ প্রাপ্ত স্কিমসমূহ জেলা মৎস্য অফিসার যাচাই-বাছাইপূর্বক তার মতামতসহ ২ (দুই) কপি স্কিম চুড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।

৫.৮.৪ প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU) প্রাপ্ত স্কিমসমূহ যাচাই-বাছাইপূর্বক সংশ্লিষ্ট জেলা ও উপজেলাভিত্তিক নির্দিষ্ট বরাদ্দের মধ্যে তালিকা চুড়ান্ত করবে। প্রকল্প বাস্তবায়ন ইউনিট কর্তৃক চুড়ান্তকৃত স্কিমের তালিকা চুড়ান্ত অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য প্রকল্প পরিচালকের নিকট উপস্থাপন করবেন।

৫.৮.৫ প্রতিটি স্কিমের প্রস্তাব স্বয়ংসম্পূর্ণভাবে ৫ কপি তৈরিপূর্বক বাঁধাই করে নিম্ন অনুযায়ী দাখিল করতে হবে-

ক) প্রথম ২ কপি : সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের দপ্তর।

খ) তৃতীয় কপি : সংশ্লিষ্ট উপপরিচালকের দপ্তর।

গ) চতুর্থ কপি : সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসারের দপ্তর।

ঘ) পঞ্চম কপি : সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের দপ্তর।

### ৫.৯ সুফলভোগী গ্রুপ গঠনের নীতিমালা ও কার্যাবলী

#### ৫.৯.১ সুফলভোগী দল গঠনের নীতিমালা

ক) সুফলভোগী দলের প্রতিটি সদস্যকে স্কিম/প্রদর্শনী খামার সংশ্লিষ্ট ইউনিয়নের (সরকারি পুকুর ও অন্যান্য বদ্ধ জলাশয় এবং বিল/জলাশয় ইত্যাদি) অধিবাসী হতে হবে।

খ) স্কিম/প্রদর্শনী খামার এলাকার দরিদ্র মৎস্যজীবী, বিত্তহীন/ প্রান্তিক চাষি (যাদের ০.৫০ একরের নিচে জমি আছে), গরীব বেকার যুবক ও যুব মহিলা, দুঃস্থ ও বিধবা মহিলা এবং স্বামী পরিত্যাক্তা মহিলাদেরকে দলে অন্তর্ভুক্তির ব্যাপারে অগ্রাধিকার দেয়া হবে।

গ) দলের সদস্য সংখ্যা স্কিম/প্রদর্শনী খামারের আয়তন অনুযায়ী প্রকল্পের ডিপিপি-র সংস্থান সাপেক্ষে হবে। কিন্তু একই পরিবারের ১ (এক) জনের অধিক সদস্য দলভুক্ত হতে পারবে না। প্রতি হেক্টর জলাশয়ের জন্য ১০-১২ জন সদস্য হবে এবং কমপক্ষে ২৫% নারী সদস্য থাকতে হবে। তবে এলাকা বিশেষে সুফলভোগী দলের সদস্য সংখ্যা বেশি হতে পারে।

ঘ) দলের কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৫ সদস্য বিশিষ্ট একটি কার্যকরী পরিচালনা কমিটি থাকবে। উক্ত কমিটির মধ্যে ০১ জন দলপতি, ০১ জন সহ-দলপতি, ০১ জন সম্পাদক-বনাম-কোষাধ্যক্ষ ও ০২ জন সদস্য থাকবে।

### ৫.৯.২ গ্রুপ পরিচালনা কমিটির কার্যাবলী

ক) গ্রুপ পরিচালনা কমিটি গ্রুপের যাবতীয় কার্যাবলী পরিচালনা করবে।

খ) গ্রুপ পরিচালনা কমিটি সপ্তাহে একবার সভায় মিলিত হবে। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলী আলোচিত হবে:

- জলাশয়ের ইজারা, অবকাঠমো সংক্রান্ত সমস্যাদি সমাধানের উপায়।
- মৎস্যচাষ সম্পর্কিত সমস্যাদি ও সমাধানের উপায়।
- ঘাস চাষ ও ফলমূলের চাষ সম্পর্কিত সমস্যাদি ও সমাধানের উপায়।
- গ্রুপ সঞ্চয়ের চাঁদা আদায়ের অগ্রগতি পর্যালোচনা।
- গ্রুপ সঞ্চয়ের টাকা বিনিয়োগের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।
- মাছ চাষের অগ্রগতি পর্যালোচনা।
- মাছ চাষের কিস্তি গ্রহণের অগ্রগতি পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ।
- সাপ্তাহিক আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন।
- গ্রুপের নীতি বিরূদ্ধ কাজের জন্য পরিচালনা কমিটির সদস্যসহ গ্রুপের অন্যান্য সদস্যদের বিরূদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রণয়ন।

### ৫.৯.৩ সাধারণ সভার কার্যাবলী

সকল গ্রুপ সদস্য প্রতি মাসে একবার সাধারণ সভায় মিলিত হবে। সভায় নিম্নলিখিত বিষয়াবলী আলোচিত হবে:

ক) গ্রুপের পরিচালনা কমিটি মৎস্যসম্পদ বিষয়ক সংক্রান্ত পরিকল্পনা ও বাস্তবায়ন পদ্ধতি এবং গৃহীত কার্যক্রমসহ গ্রুপ পরিচালনা সংক্রান্ত সমস্যাদি সাধারণ সভায় উপস্থাপন করবে। সাধারণ সভায় আলোচনার পর সকল পরিকল্পনা, বাস্তবায়ন পদ্ধতি ও গৃহীত কার্যক্রম সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সম্মতিক্রমে অনুমোদিত হবে;

খ) গ্রুপ সঞ্চয়ের সাপ্তাহিক চাঁদার হার নির্ধারণ ও সংগৃহীত টাকা বিনিয়োগ সম্পর্কীত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

গ) মৎস্য চাষের অগ্রগতি পর্যালোচনা, মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণ;

ঘ) প্রদর্শনী খামারের বা মৎস্যচাষের ফেরৎ পাওয়া কিস্তির টাকা বিনিয়োগ সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

ঙ) পরিচালনা কমিটির সদস্যসহ কোন সদস্যের বিরূদ্ধে ব্যবস্থা গ্রহণের চুড়ান্ত প্রস্তাব গ্রহণ ও নতুন সদস্য দলভুক্তকরণের প্রস্তাব গ্রহণ।

চ) গ্রুপ সঞ্চয় ফান্ডের টাকা কোন্ ব্যাংকে জমা রাখা হবে তা নির্ধারণ করা।

### ৫.৯.৪ গ্রুপ ফান্ড পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী

ক) গ্রুপ ফান্ডের টাকা ব্যাংকে সঞ্চয়ী হিসাবে রাখতে হবে;

খ) ব্যাংক হিসাব গ্রুপের দলপতি এবং সম্পাদকবা কোষাধ্যক্ষ দুই জনের যৌথ স্বাক্ষরেপরিচালিত হবে;

গ) গ্রুপ ফান্ডের টাকা মৎস্য বিষয়ক কার্যক্রম, যথা- মাছচাষ, পোনা প্রতিপালন, অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রভৃতি কাজে ব্যয় করা হবে;

ঘ) গ্রুপ ফান্ডের টাকা মৎস্যচাষ বিষয়ক ব্যয় নির্বাহের নিমিত্তে উত্তোলনের জন্য গ্রুপ সভায় সিদ্ধান্ত নিতে হবে এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের অনুমোদনপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে;

ঙ) গ্রুপের যে কোন প্রয়োজনে মাসিক সভায় অনুমোদনক্রমে ব্যাংক হতে টাকা উত্তোলন করা যাবে এবং ব্যয়ের হিসাব পরবর্তী মাসিক সভাতেই সকল সাধারণ সদস্য দ্বারা অনুমোদন করে নিতে হবে;

চ) গ্রুপের কোন জরুরী প্রয়োজনে মাসিক সভায় অনুমোদন সাপেক্ষে উৎপাদন সংক্রান্ত ব্যয় নির্বাহ ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত ব্যাংক হতে উত্তোলন করা যাবে এবং

পরবর্তীতে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারকে অবহিত করে সাধারণ সভায় অনুমোদন করিয়ে নিতে হবে;

ছ) কোন গ্রুপ সদস্য প্রথম ছয় মাসের মধ্যে গ্রুপ ফান্ডের টাকা ধারাবাহিকভাবে প্রদানে ব্যর্থ হলে তার সদস্যপদ বাতিল হয়ে যাবে। ছয় মাস পর যদি কোন গ্রুপ সদস্য পরপর চার কিস্তির টাকা প্রদানে ব্যর্থ হয় তবে তার সদস্যপদ বাতিল করা হবে। কিস্তির টাকা পরিশোধে বিলম্বের জন্য প্রতি সপ্তাহের প্রতি কিস্তির জন্য ১.০০ (এক) টাকা জরিমানা আদায় করা যাবে। কোন গ্রুপ সদস্য, সদস্য হিসেবে থাকার অনীহা প্রকাশ করলে বা সদস্যপদ বাতিল হয়ে গেলে তার কর্তৃক প্রদানকৃত টাকা ফেরত দিতে হবে এবং এ জমাকৃত টাকার কোন লভ্যাংশ সে পাবে না। তবে কোন সদস্যের মৃত্যু হলে তার পরিবর্তে ঐ পরিবার হতে অন্য কোন ব্যক্তিকে সদস্য হিসাবে বিবেচনা করা যেতে পারে।

জ) সিবিজি গ্রুপের স্থায়িত্বশীলতার জন্য উপযোগী সরকারি সংস্থা কর্তৃক সুফলভোগী দল নিবন্ধন করা যেতে পারে।

### ৫.৯.৫ গ্রুপের সাধারণ কার্যাবলী

ক) গ্রুপ সদস্যদের দ্বারা মৎস্যচাষ এবং গ্রুপ ফান্ড গঠন ও সুষ্ঠুভাবে পরিচালনায় ব্যর্থ হলে গ্রুপ পরিচালনা কমিটি বাতিল করে নতুন কমিটি গঠন করা যাবে। এক্ষেত্রে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

খ) স্কিমে/প্রদর্শনী খামারে নির্মিত অবকাঠামোসমূহ মেরামত ও সংরক্ষণ করবে;

গ) মৎস্য চাষসহ গ্রুপের বিভিন্ন আয়-বর্ধক কর্মসুচী হতে প্রাপ্য অর্থ থেকে মাছচাষের জন্য প্রয়োজনীয় অর্থ গ্রুপ ফান্ডে জমা রেখে উদ্বৃত অর্থ দ্বারা অন্যান্য আয়-বর্ধকমূলক কাজের জন্য সদস্যদের মধ্যে নির্ধারিত সুদে ঋণ প্রদান করা যেতে পারে যাতে করে তারা স্বাবলম্বী হতে পারে;

ঘ) মৎস্যচাষ থেকে প্রাপ্ত লভ্যাংশের ১০ সঞ্চিত রাখার পর উদ্বৃত্ত অর্থ সদস্যগণের মধ্যে সমভাবে বণ্টন করা যেতে পারে;

ঙ) সুফলভোগী দলের সদস্যদের মৎস্যচাষ, জলাশয় ব্যবস্থাপনা, সচেতনতা বৃদ্ধি, নেতৃত্ব প্রদান, বিনিয়োগ ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ দিলে তা বাধ্যতামূলক (উপর্যুক্ত কোন কারণ না থাকলে) গ্রহণ করতে হবে। সুফলভোগী দল লীজ সময়সীমা পর্যন্ত জলাশয়টি রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবে এবং জলাশয়ে মাছচাষের পাশাপাশি পাড়ে শাকসবজি চাষসহ অন্যান্য আয়বর্ধক কর্মসূচি গ্রহণ করবে।

### ৫.৯.৬ সুফলভোগী দলের সদস্যপদ বাতিল

নিম্নরূপ কারণেসুফলভোগীদলেরসদস্যপদবাতিলহতেপারে:

ক) নীতিমালা বহির্ভূত কর্মকান্ডে অংশগ্রহণ করলে;

খ) দলপতির বিনা অনুমতিতে পরপর তিনটি সাধারণ সভায় ইচ্ছাকৃতভাবে অনুপস্থিত থাকলে;

গ) গ্রুপ কর্তৃক নির্ধারিত চাঁদা সময়মত পরিশোধ না করলে;

ঘ) গ্রুপ কর্তৃক নির্দিষ্টকৃত কর্মকান্ডে অংশগ্রহণ না করলে;

ঙ) মৎস্যচাষ সহ গ্রুপের অন্যান্য কর্মকান্ডে আগ্রহী না হলে;

চ) প্রকল্প কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের দেয়া পরামর্শ ও নির্দেশাবলী বাস্তবায়নে অংশগ্রহণ না করলে;

ছ) সদস্য হিসেবে থাকতে অনিহা প্রকাশ করলে বা মৃত্যু হলে বা অন্যত্র চলে গেলে সদস্য পদ বাতিল করা হবে।

### ৫.৯.৭ সুফলভোগী দলের সদস্যপদ বাতিলকরণ পদ্ধতি

গ্রুপের পরিচালনা কমিটির সদস্যসহ কোন সাধারণ সদস্য উল্লেখিত নীতিসমূহ লংঘন করলে যে কোন সদস্য বিষয়টি গ্রুপের দলপতির নিকট পেশ করতে পারবে (গ্রুপের দলপতির বিরুদ্ধে অভিযোগ থাকলে সম্পাদক-বনাম-কোষাধ্যক্ষের নিকট পেশ করতে হবে)। দলপতি পেশকৃত অভিযোগটি গ্রুপ পরিচালনা কমিটির সভায় উপস্থাপন করবেন। গ্রুপ পরিচালনা কমিটি তদন্তপূর্বক গ্রুপ সাধারণ সভায় প্রয়োজনীয় সুপারিশ উত্থাপন করবেন। সভায় আলোচনা পর্যালোচনার পর সাধারণ সদস্যদের সংখ্যাগরিষ্ঠের সম্মতিতে গৃহিত প্রস্তাব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের মাধ্যমে উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। অতঃপর উপজেলা জলাশয়/মৎস্যচাষ ব্যবস্থাপনা কমিটি উল্লেখিত অভিযোগটির ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন। গ্রুপের কোন সদস্য কর্তৃক পেশকৃত অভিযোগ পেশ করার তিন মাসের মধ্যে গ্রুপের সাধারণ সভায় আলোচনা না হলে অভিযোগকারী তাঁর অভিযোগটি সরাসরি গ্রুপের সাধারণ সভায় উত্থাপন করবেন। উত্থাপিত অভিযোগটি সাধারণ সভায় আলোচনা পর্যালোচনার পর সংখ্যা গরিষ্ঠ সদস্যদের সম্মতিতে গৃহীত প্রস্তাব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের মাধ্যমে উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। এই উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি উল্লেখিত অভিযোগটির ব্যাপারে প্রয়োজনীয় চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। গ্রুপ সংক্রান্ত কোন জটিলতা, গুরুতর অনিয়ম, শৃঙ্খলা পরিপন্থি কোন কার্যক্রমপরিলক্ষিত হলে উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি গ্রুপ পুনঃগঠন করতে পারবেন।

প্রকল্প কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার/জেলা মৎস্য অফিসার এবং বিভাগীয় উর্দ্ধতন অফিসারের নিকট গ্রুপের দলপতিসহ গ্রুপ পরিচালনা কমিটির কোন সদস্য অথবা কোন সাধারণ সদস্য কর্তৃক প্রকল্প হতে সরবরাহকৃত উপকরণাদি আত্মসাৎ অথবা গ্রুপ ফান্ডের সঞ্চিত অর্থ তসরূপ অথবা অন্য কোন শৃঙ্খলা বিরোধী কাজ পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত বিষয়টি সরাসরি উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপনপূর্বক গ্রুপের সদস্যদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

### ৫.৯.৮ সুফলভোগী দল বা গ্রুপ বাতিল

নিম্নরূপকারণে সুফলভোগী দল বাতিল হতে পারে:

ক) গ্রুপকে ইজারা দেয়া জলাশয় সময়মত নবায়ন না করলে;

খ) প্রকল্পের নীতিমালা অনুযায়ী উৎপাদন পরিকল্পনা অনুসারে মাছচাষ কার্যক্রম পরিচালনা না করলে;

গ) সঞ্চয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় ব্যর্থ হলে;

ঘ) গ্রুপ পরিচালনা নির্দেশিকা অনুযায়ী গ্রুপ পরিচালনায় ব্যর্থ হলে;

ঙ) শৃঙ্খলা বিরোধী কাজ করলে।

### ৫.৯.৯ গ্রুপ বাতিলকরণ পদ্ধতি

জেলা মৎস্য অফিসার ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের নিকট কোন গ্রুপের মধ্যে উল্লেখিত কারণসমূহ প্রতীয়মান হলে উক্ত কর্মকর্তা সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করবেন। উক্ত উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি উপস্থাপিত বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক দল বাতিলের জন্য চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

### ৫.৯.১০ জলাশয় ব্যবহারের অধিকার এবং আয় বন্টন

ক) যে সকল জলাশয় খনন/পুনঃখননের মাধ্যমে প্রকল্প হতে উন্নয়ন করা হবে সে সকল জলাশয় কমপক্ষে ৫ বছরের জন্য গ্রুপের নিকট সরকারি নিয়মানুসারে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠানের (সরকারি পুকুর, অন্যান্য বদ্ধ জলাশয় ও বিল/ জলাভূমির ক্ষেত্রে) সাথে গ্রুপের দলপতি/সম্পাদক-বনাম-কোষাধ্যক্ষ এর চুক্তিনামা সম্পাদন করতে হবে।

গ) প্রতিটি গ্রুপের চুক্তিনামার ১(এক) কপি প্রকল্প কর্তৃপক্ষের নিকট, ১ (এক) কপি সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসারের নিকট, ১ (এক) কপি সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের নিকট প্রেরণ করতে হবে। মূলকপি গ্রুপ সংরক্ষণ করবেন।

## ৫.১০ খনন/পুনখনন স্কিম বাস্তবায়ন

স্কিম বাস্তবায়নের জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতি( OTM),কোটেশন( RFQ)অথবা এলসিএস পদ্ধতি অনুসরণ করতে হবে। প্রয়োজনেExcavatorব্যবহার করতে পারবে।স্থানীয় দরিদ্র্য জনগণকে প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত করার নিমিত্ত এলসিএস (Landless Contracting Society)-এর মাধ্যমে স্কিমের বাস্তবায়ন কাজ করা যাবে। এ ক্ষেত্রেPPR-2008 -এরDirect Procurement Methodএর বিধিসমূহের সাথে প্রাসংগিক অন্যান্য শর্তসমূহও অনুসৃত হবে।

প্রকল্প সদর দপ্তরের জনবল ছাড়াও বর্তমানে মৎস্য অধিদপ্তরের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ে মৎস্য দপ্তরে কর্মরত লোকবল দ্বারা প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে জেলা ও উপজেলা মৎস্য দপ্তরে প্রয়োজনীয় সহায়তা (যদি থোকে), যেমন- টিএ/ডিএ, যানবাহনের জ্বালানী, যানবাহন মেরামত ও সংরক্ষণ ব্যয়, আনুষাংগিক ব্যয় ইত্যাদি প্রকল্প হতে প্রদান করা হবে। সকল কার্যক্রম প্রকল্পের পিআইইউ এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক সরাসরি মনিটরিং করা হবে।

## ৫.১১ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব

ক) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সংশ্লিষ্টবিভাগ। বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করা।

খ) বিভাগীয় মাসিক সমন্বয় সভায় কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং প্রকল্প পরিচালককে অবহিতকরণ।

গ) কার্যক্রম বাস্তবায়নকালীন মাঠ পর্যায়ে তদারকি।

ঘ) কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা সৃষ্টি হলে তা নিরসনে পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণ।

ঙ) বাস্তবায়িত স্কিমসমূহ গ্রুপ সদস্যদের নিকট ইজারা প্রদানসহ মৎস্য কার্যক্রমের বিষয়টি তদারকিকরণ।

### ৫.১১.১ প্রকল্প পরিচালক

ক) মৎস্য অধিদপ্তরের প্রশাসনিক নিয়ন্ত্রণে ভৌত ও আর্থিক উভয় দিক থেকে প্রকল্পের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন।

খ) প্রকল্পের সার্বিক বাস্তবায়ন পরিকল্পনা তৈরি করা;

গ) ডিপিপির অন্তর্ভূক্ত কার্যক্রম বাস্তবায়ন করা;

ঘ) প্রকল্পের সকল কার্যক্রম তদারকি ও মনিটরিং করা;

ঙ) মাঠ পর্যায় থেকে প্রাপ্ত স্কিমসমূহ নির্দিষ্ট বরাদ্দের (জেলা ও উপজেলা হিসেবে) মধ্যে PIU কর্তৃক সুপারিশ গ্রহণ এবং মহাপরিচালক কর্তৃক চুড়ান্ত অনুমোদনকৃত স্কিমের বিপরীতে বরাদ্দের আদেশ (এ.ও) জারীকরণ; অথবা উন্মুক্ত দরপত্র পদ্ধতির ( OTM)মাধ্যমে কার্যক্রম গ্রহণ;

চ) বরাদ্দকৃত স্কিমসমূহ সুষ্ঠু বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করা;

ছ) মাঝে মাঝে রিভিউ সভা করে বাস্তবায়িত স্কিমের অগ্রগতি পর্যালোচনা করা;

জ) বাৎসরিক/অর্ধ-বাৎসরিক, কেন্দ্রীয়/ বিভাগীয় পর্যালোচনা সভায় যোগদান/ সভাপতিত্ব করা;

ঝ) বাস্তবায়নকালীন প্রতি জেলা/উপজেলায় কিছু সংখ্যক স্কিম পরিদর্শন করে মৎস্য অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে অবহিত করা;

ঞ) স্কিম বাস্তবায়নের সাথে সাথে মৎস্যচাষ কার্যক্রমের অগ্রগতি এবং তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা;

ট) কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন মৎস্য অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা;

ঠ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা;

৫.১১.২ **জেলা মৎস্য অফিসার**

ক) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের নিকট হতে প্রাপ্ত প্রতিটি স্কিম ১৫ দিনের মধ্যে সম্ভাব্যতা (Feasibility)পরীক্ষা করে মতামতসহ প্রতিটি স্কিমের ২ (দুই) কপি প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ;

খ) শ্রমিকদের মজুরী প্রদানের জন্য এলসিএস বরাবর অগ্রিম অর্থ উত্তোলনের ব্যবস্থা গ্রহণ;

গ) স্কিম বাস্তবায়নের জন্য এলসিএস কমিটি অনুমোদন;

ঘ) নির্ধারিত সময় এবং ডিজাইন মোতাবেক কাজ সম্পাদনের নিমিত্তে বাস্তবায়নাধীন স্কিমসমূহের কাজ তত্ত্বাবধান/ তদারকীকরণ এবং সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণ;

ঙ) জলাশয় পুনঃখনন কাজে এবং মাছ চাষ কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান;

চ) প্রকল্পের নিয়মানুযায়ী স্কিম নির্বাচন এবং সুফলভোগী দল গঠনের বিষয়টি নিশ্চিতকরণ;

ছ) সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

জ) মেথডোলজিতে প্রদত্ত ছক মোতাবেক এ সংক্রান্ত রিপোর্ট তৈরি করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

ঝ) অগ্রগতি পর্যালোচনা সভায় স্কিমের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং অগ্রগতি নিশ্চিতকরণ;

ঞ) মাসিক পর্যালোচনা সভায় স্কিমের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং অগ্রগতি নিশ্চিতকরণ;

ট) নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়নকৃত জলাশয় গ্রুপ সদস্যদের নিকট হস্তান্তরের বিষয়টি নিশ্চিতকরণ;

ঠ) উন্নয়নকৃত জলাশয়ে গ্রুপ সদস্যদের নিয়ে সমন্বিত মৎস্যচাষ কার্যক্রম বাস্তবায়নকরণ;

ড) অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ। ভবিষ্যতে অডিটের জন্য নিয়ম মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদি সংরক্ষণ এবং চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন।

৫.১১.৩ **উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক/সহকারী পরিচালক**

ক) প্রকল্পের বাস্তবায়িতব্য স্কিমসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণ;

খ) বিভাগীয় মাসিক সমন্বয় সভায় স্কিম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাকরণ এবং প্রকল্প পরিচালককে অবহিতকরণ;

গ) স্কিম/কার্যক্রম বাস্তবায়নের সময় মাঠ পর্যায়ে তদারকিকরণ (Monitoring);

ঘ) স্কিম/কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা সৃষ্টি হলে তা নিরসনের পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;

ঙ) বাস্তবায়িত স্কিমসমূহ গ্রুপ সদস্যদের নিকট ইজারা প্রদানসহ সমন্বিত মৎস্য কার্যক্রমের বিষয়টি তদারকিকরণ;

চ) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প পরিচালককে সার্বিক সহায়তা প্রদান করা;

ছ) বার্ষিক কর্মপরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা তৈরিতে প্রকল্প পরিচালককে সহায়তা প্রদান;

জ) প্রয়োজনীয় প্রতিবেদন তৈরি;

ঝ) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প পরিচালককে সহায়তা প্রদান;

ঞ) প্রকল্পের কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নে প্রকল্প পরিচালককে সহায়তা প্রদান;

ট) প্রশিক্ষণ সামগ্রী/ফ্লিপচার্ট/পোস্টার এবং ভিডিও ডকুমেন্টস্ তৈরিকরণ;

ঠ) প্রকল্প পরিচালক কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

### ৫.১১.৪ সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/ উপজেলা মৎস্য অফিসার

ক) ডিপিপি'তে উল্লেখিত তালিকা হতে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে অগ্রাধিকারভিত্তিক স্কিম নির্বাচন করা।

খ) নির্ধারিত ছকে কারিগরি অফিসারের সহায়তায় স্কিম প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে জেলা মৎস্য অফিসারের দপ্তরে প্রেরণ;

গ) নির্দেশিকা অনুযায়ী গ্রুপ গঠনের ব্যবস্থা গ্রহণ;

ঘ) এলসিএস দলনেতা বরাবর পুনঃবরাদ্দ আদেশ (ডি.ও) প্রদানের জন্য চাহিদা পত্রে সুপারিশকরণ;

ঙ) জেলা মৎস্য অফিসারকে এলসিএস গঠনে সহায়তাকরণ;

চ) কাজ আরম্ভ করার পূর্বে এলসিএস সদস্যদের এক দিনের একটি প্রস্তুতিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

ছ) ডিজাইন মোতাবেক নির্ধারিত সময়ে কাজ সম্পাদনের জন্য নিবিড়ভাবে কাজ পরিদর্শন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

জ) জেলা মৎস্য অফিসারকে মাটির কাজের বিষয়ে সব ধরনের রিপোর্ট প্রদান ও অন্যান্য কাজের প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তাকরণ;

ঝ) উন্নয়নকৃত জলাশয় যথাসময়ে গ্রুপ সদস্যদের নিকট হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

ঞ) গ্রুপ সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং সঞ্চয় কার্যক্রমে উদ্বুদ্ধকরণ;

ট) অনুমোদিত ডিজাইন মোতাবেক কাজ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

ঠ) অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ। ভবিষ্যতে অডিটের জন্য নিয়ম মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদি সংরক্ষণ এবং চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন।

### ৫.১১.৫ সহকারী প্রকৌশলী

ক) প্রকল্পের সংশ্লিষ্ট কমপোনেন্ট এর ড্রয়িং, ডিজাইন, প্রাক্কলন, ও টেন্ডার ডকুমেন্টস তৈরিকরণ এবং এর অনুমোদন গ্রহণপূর্বক অনুমোদিত ডিজাইন প্রাক্কলন মোতাবেক যথাযথভাবে কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ ;

খ) মাঠ পর্যায় থেকে প্রাপ্ত প্রকল্পের উন্নয়ন কার্যক্রমসমূহের প্রাক্কলনসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করে মতামতসহ অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক বরাবর পেশকরণ;

গ) মাঠ পর্যায় থেকে প্রাপ্ত স্কিমসমূহের মধ্যে নমুনা হিসেবে কিছু স্কিমের প্রি-ওয়ার্ক ও পোষ্ট-ওয়ার্ক পরীক্ষাকরণ;

ঘ) অনুমোদিত স্কিমের বিপরীতে বরাদ্দপত্র (এ.ও) জারী করতে প্রকল্প পরিচালককে সহায়তাকরণ;

ঙ) রিভিউ সভায় অংশগ্রহণ এবং স্কিমের অগ্রগতি পর্যালোচনাকরণ;

চ) স্কিম বাস্তবায়নের সময় মাঠ পর্যায়ে তদারকিকরণ (Monitoring) এবং প্রকল্প পরিচালককে অবহিতকরণ;

ছ) স্কিমসমূহ নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

জ) বিল পরিশোধের নিমিত্তে পরিমাপ বহি ( MB) লিপিবদ্ধকরণসহ সনদপ্রদান;

ঝ) বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ অন্যান্য কার্যক্রমে প্রকল্প পরিচালককে সহায়তাকরণ;

ঞ) প্রকল্প পরিচালক কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

### ৫.১১.৬ উপ-সহকারী প্রকৌশলী

ক) ডিপিপি'তে উল্লিখিত তালিকা হতে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে অগ্রাধিকারভিত্তিক স্কিম নির্বাচনপূর্বক প্রাক্কলন তৈরি করা।

খ) নির্ধারিত ছকে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের সহায়তায় স্কিম প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে জেলা মৎস্য অফিসারের দপ্তরে প্রেরণ;

গ) নির্দেশিকা অনুযায়ী গ্রুপ গঠনের ব্যবস্থা গ্রহণ;

ঘ) এলসিএস দলনেতা বরাবর পুনঃবরাদ্দ আদেশ (ডি.ও) প্রদানের জন্য চাহিদা পত্রে সুপারিশকরণ;

ঙ) জেলা মৎস্য অফিসারকে এলসিএস গঠনে সহায়তাকরণ;

চ) কাজ আরম্ভ করার পূর্বে এলসিএস সদস্যদের এক দিনের একটি প্রস্তুতিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

ছ) কাজ আরম্ভ করার পূর্বে প্রতিটি স্কিমের প্রোফাইল নিশ্চিতকরণ;

জ) সকলপ্রকার পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোস্ট-ওয়ার্ক গ্রহণের সার্বিক দায়দায়িত্ব পালন এবং লেভেল বহি ও মাস্টাররোল প্রস্তুত, পরিমাপ বহি ( MB) লিপিবদ্ধকরণসহ সনদ প্রদান;

ঝ) ডিজাইন মোতাবেক নির্ধারিত সময়ে কাজ সম্পাদনের জন্য নিবিড়ভাবে কাজ পরিদর্শনকরণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

ঞ) প্রকল্প এলাকায় পরিদর্শনবহি সংরক্ষণ নিশ্চিতকরণ;

ট) জেলা মৎস্য অফিসার এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারকে জলাশয় পুনঃখনন কাজের বিষয়ে প্রতিবেদন প্রণয়ন ও অন্যান্য কাজের প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তাকরণ;

ঠ) অনুমোদিত ডিজাইন মোতাবেক কাজ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

ড) প্রকল্পের অন্যান্য কাজের পরিমাপ গ্রহণ ও বিল প্রস্তুতে জেলা মৎস্য অফিসার, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/ উপজেলা মৎস্য অফিসারকে সার্বিক সহায়তা প্রদান।

ঢ) অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ। ভবিষ্যতে অডিটের জন্য নিয়ম মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদি সংরক্ষণ।

### ৫.১২ চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি (এলসিএস) গঠন

ক) প্রতিটি এলসিএস কমপক্ষে ১ জন নারীসহ ৫-৭ সদস্য সমন্বয়ে গঠিত হবে। তন্মধ্যে ১ জন দলনেতা, একজন উপ দলনেতা এবং অন্যান্যরা সদস্য হিসাবে থাকবেন;

খ) প্রতি স্কিমের জন্য আলাদা আলাদা এলসিএস হবে। সর্বোচ্চ প্রতি ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার জন্য কমপক্ষে ১টি এলসিএস গঠন করতে হবে;

গ) স্কিম এলাকায় সুফলভোগী দলের সদস্য ও দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি (এলসিএস) গঠন করতে হবে;

ঘ) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার স্কিম এলাকার সুফলভোগী সদস্য ও দরিদ্র জনগোষ্ঠীর সাথে আলাপ আলোচনাক্রমে এলসিএস গঠনের প্রস্তাব জেলা মৎস্য অফিসারের নিকট প্রেরণ করবেন। জেলা মৎস্য অফিসার সার্বিক দিক বিবেচনা করে প্রস্তাবিত এলসিএস অনুমোদন করবেন;

ঙ) এলসিএস কমিটির উপ-দলনেতা স্কিম সম্পর্কিত সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ এবং সংরক্ষণ করবেন;

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিকল্পনা ও মূল্যায়ন উইং

চ) এলসিএস চুক্তি অনুযায়ী কাজ সম্পাদন করতে ব্যর্থ হলে বা চুক্তি ভঙ্গ করলে জেলা মৎস্য অফিসার নতুন এলসিএস গঠন করতে পারবেন। এলসিএস গঠনে অপারগ হলে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের সাথে আলোচনা করে জেলা মৎস্য অফিসার ব্যবস্থা নিতে পারবেন। বাতিলকৃত এলসিএস এর নিকট অব্যবহৃত নগদ অর্থ, সংশ্লিষ্ট কাগজপত্র নতুন এলসিএস এর নিকট হস্তান্তর করতে বাধ্য থাকবে। অন্যথায় জেলা মৎস্য অফিসার আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

### ৫.১২.১ চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি -এর দায়িত্ব

- চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতির উপ-দলনেতা এবং সদস্যদের সহযোগীতায় দলনেতা স্কিম বাস্তবায়ন করবেন;
- অনুমোদিত নক্সা ও শর্তানুযায়ী স্কিম বাস্তবায়নের জন্য এলসিএস কমিটির দলনেতা এবং সদস্যগণ এককভাবে এবং সামগ্রিকভাবে দায়ী থাকবেন;
- এলসিএস কমিটির পক্ষে দলনেতা এবং উপ-দলনেতা যথাযথভাবে বরাদ্দকৃত অর্থ ব্যবহার করবেন এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন (পরিশিষ্ট-১২)। অঙ্গীকারনামা অবশ্যই ৩০০.০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে হতে হবে;
- কাজ আরম্ভ করার পূর্বে চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতিকে অবশ্যই স্কিম সাইটে বাংলায় লিখিত সাইনবোর্ড স্থাপন করতে হবে (পরিশিষ্ট-১৩);
- ব্যয়ের অর্থ গ্রহণের জন্য এলসিএস দলনেতা ও উপ-দলনেতা ব্যাংকে একটি যৌথ চলতি হিসাব খুলবেন। ব্যাংক থেকে অর্থ উত্তোলনের জন্য দলনেতা ও উপ-দলনেতা যৌথভাবে দায়ী থাকবেন। শ্রমিকদের মধ্যে প্রাপ্য অনুসারে টাকা বিতরণের জন্যও তারা দায়ী থাকবেন;
- স্কিম এলাকায় এলসিএসকে সংশ্লিষ্ট সরকারি অফিসারের নিকট স্কিম বাস্তবায়ন সম্পর্কিত সংক্রান্ত ধরণের হিসাব ও কাগজপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে। পরবর্তীতে এই কাগজপত্রসমূহ জেলা/ উপজেলা মৎস্য অফিসারের অফিসে সংরক্ষণ করতে হবে। নিরীক্ষাকালীন সময়ে সংশ্লিষ্ট দপ্তর যাবতীয় হিসাব, বিল ভাউচারসমূহ নিরীক্ষাদলকে সরবরাহ করবে;
- এলসিএস কমিটি মাসে দুইবার স্কিম বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভা করবে। এই সভার আলোচনা ও সিদ্ধান্ত লিপিবদ্ধ করতে হবে এবং উপস্থিত সকল সদস্যদের স্বাক্ষর গ্রহণ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কাগজপত্রাদি/ রেজুলেশন জেলা মৎস্য অফিসারের/ উপজেলা মৎস্য অফিসারের অফিসে জমা দিতে হবে;
- নিম্নবর্ণিত তথ্যাবলী এলসিএস-কে অবশ্যই সংরক্ষণ করতে হবে-

ক) পরিমাপ এবং মজুরী প্রদান (Measurement and Payment Ledger) সম্পর্কিত বহি (পরিশিষ্ট-১৪)

খ) সংশ্লিষ্ট মডিফাইড মাষ্টাররোল এবং মাষ্টাররোল (পরিশিষ্ট-১৫)

গ) শ্রমিকদের হাজিরা খাতা (পরিশিষ্ট-১৬এ/১৬বি)

ঘ) টাকা মজুদের খাতা (পরিশিষ্ট-১৭)

ঙ) এলসিএস সভার কার্যক্রমের বই

চ) শ্রমিকদের মজুরী প্রদান সম্পর্কিত সর্দারের প্রত্যয়নপত্র (পরিশিষ্ট-১৮) এবং

ছ) আনুষাংগিক খরচের হিসাব বহি।

### ৫.১২.২ সর্দার এবং পরিদর্শকের দায়িত্ব

**সর্দারের দায়িত্ব**

শ্রমিকরা তাদের দলের মধ্য থেকে সর্দার নিয়োগ করবে এবং সে দলের সাথে কাজ করবে। এলসিএস কোন সর্দার নিয়োগ করতে পারবে না। সাধারণতঃ প্রতি ১৫ থেকে ২০ জন শ্রমিকের জন্য ১ (এক) জন সর্দার নিয়োগ করা হয়ে থাকে। সর্দারের নিম্নবর্ণিত দায়িত্বাবলী পালন করতে হবে।

ক) শ্রমিকদের তাদের দায়িত্ব বুঝিয়ে দিবেন;

খ) পরিমাপের সময় উপস্থিত থেকে সাহায্য করবেন;

গ) দলের পক্ষ থেকে এলসিএস এর নিকট হতে মজুরী বুঝে দিবেন;

ঘ) কাজের পরিমাপ অনুযায়ী শ্রমিকদের টাকা বিতরণ করবেন এবং পরিশিষ্ট-১৮ অনুযায়ী এলসিএসকে প্রত্যয়নপত্র প্রদান করবেন;

ঙ) নক্সা ও শর্তাবলী অনুযায়ী কাজ সম্পাদন নিশ্চিত করবেন।

**পরিদর্শকের দায়িত্ব**

পরিদর্শক এলএসিএস কমিটির প্রতিনিধি হিসাবে গণ্য হবে। সর্দারসহ ১০০ জন শ্রমিকের জন্য ১ জন পরিদর্শক নিয়োগ করা যাবে। পরিদর্শককে নিম্নবর্ণিত দায়িত্বাবলী পালন করতে হবে।

ক) শ্রমিক সংগ্রহ করা;

খ) পরিমাপে সহায়তা করা;

গ) নক্সা ও শর্তানুযায়ী কাজ সম্পাদন নিশ্চিত করা;

ঘ) শ্রমিকদের মজুরী প্রদানের সময় উপস্থিত থাকা এবং পরিমাপ ও মজুরী প্রদানের খাতায় স্বাক্ষর করা;

ঙ) এলসিএস কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

## ৫.১৩ আনুসাংগিক তহবিল

৫.১৩.১ প্রকল্প পরিচালক প্রতি ১ (এক) লক্ষ টাকার উন্নয়ন কাজের জন্য ১,০০০.০০ টাকা হিসাবে (কিন্তু সর্বোচ্চ ১০,০০০.০০) টাকা ফরম ছাপানো, সাইনবোর্ড স্থাপন, মনোহরী দ্রব্যাদি ক্রয় এবং প্রয়োজনীয় অন্যান্য ব্যয় নির্বাহের জন্য নির্দিষ্ট খাত হতে অর্থ বরাদ্দ প্রদান করতে পারবে।

৫.১৩.২ আনুষাংগিক খরচের অর্থ জেলা মৎস্য অফিসার বরাদ্দ পাওয়া সাপেক্ষে উত্তোলনপূর্বক প্রদেয় চেকের মাধ্যমে এলসিএসকে প্রদান করতে পারবে।

## ৫.১৪ বরাদ্দপত্র/ পুনঃবরাদ্দ পত্র জারী এবং অর্থ উত্তোলন নীতিমালা

৫.১৪.১ প্রকল্প বাস্তবায়ন ইউনিট কর্তৃক অনুমোদিত স্কিম মোতাবেক প্রকল্প পরিচালক বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ অনুযায়ী স্কিমের তালিকা চূড়ান্ত করে অর্থ বরাদ্দের আদেশ (AO) জারির ব্যবস্থা করবেন।

৫.১৪.২ অনুমোদিত স্কিমের অর্থ অগ্রীম উত্তোলন করা না হলে প্রকল্প পরিচালক অনুমোদিত স্কিমের প্রাক্কলন অনুযায়ী জেলা মৎস্য অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দের আদেশ প্রদান করবেন। জেলা মৎস্য অফিসার বরাদ্দ আদেশ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের মাধ্যমে এলসিএস এর নিকট হতে প্রাপ্ত কিস্তিভিত্তিক বিলটি পরীক্ষা নিরীক্ষান্তে অগ্রীম অর্থ ছাড়ের জন্য বিলে প্রতিস্বাক্ষরপূর্বক জেলা হিসাব রক্ষণ অফিসারের নিকট প্রেরণ করবেন। প্রথম কিস্তিতে প্রদত্ত অর্থের সন্তোষজনক ব্যবহার এবং প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার ও সংশ্লিষ্ট প্রকৌশলীর সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে দ্বিতীয় কিস্তির অর্থ অগ্রিম ছাড় করা যাবে। তৃতীয় কিস্তির অর্থ অগ্রীম ছাড় করার সময় প্রথম কিস্তিতে প্রদেয় অগ্রীম অর্থ সমন্বয় করতে হবে এবং ৪র্থ কিস্তির অর্থ ছাড় করার সময় দ্বিতীয় ও তৃতীয় কিস্তির প্রদেয় অগ্রীম অর্থ আবশ্যিকভাবে সমন্বয় করতে হবে। ৪র্থ কিস্তির অর্থ ছাড় করার পূর্বে প্রকল্পের কাজের চূড়ান্ত পরিমাপ গ্রহণ করতে হবে এবং প্রাপ্য অর্থের বিলে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার ও সংশ্লিষ্ট প্রকৌশলীর সুপারিশের ভিত্তিতে জেলা মৎস্য অফিসার বিলে প্রতিস্বাক্ষরযুক্ত বিল প্রাপ্তির পর জেলা হিসাব রক্ষণ অফিসার পরীক্ষা নিরীক্ষাপূর্বক বিলটি অনুমোদন করবেন এবং এলসিএস এর অনুকূলে বিলের বিপরীতে প্রদেয় অর্থ পরিশোধের ব্যবস্থা নিবেন। এলসিএস চুক্তি স্বাক্ষরের পর জেলা মৎস্য অফিসারের অনুমোদনক্রমে কোন রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকে একটি চলতি হিসাব খুলবেন এবং উক্ত হিসাব হতে যাবতীয় লেনদেন নিষ্পন্ন করবেন। এলসিএস উক্ত হিসাবে রেকর্ডপত্রাদি যথাযথভাবে সংরক্ষণ করবেন এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য কর্মকর্তাকে সরবরাহ করবেন। বিলম্বিত/ আংশিক মজুরী প্রদান নিষিদ্ধ এবং অনুরূপ ব্যয় সরকার কর্তৃক অনুমোদিত হবে না।

৫.১৪.৩ এলসিএস দলনেতা চাহিদা পত্রে (পরিশিষ্ট-১৯) অর্থের চাহিদা সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের মাধ্যমে জেলা মৎস্য অফিসার বরাবর দাখিল করবেন। জেলা মৎস্য অফিসার উক্ত চাহিদার ভিত্তিতে কাগজপত্রের যথার্থতা পরীক্ষান্তে এলসিএস দলনেতা ও উপ-দলনেতা বরাবর তাদের নামের বিপরীতে ক্রসকৃত (A/C Payee Cheque) প্রদেয় চেকের মাধ্যমে সংশ্লিষ্ট স্কিমের জন্য ব্যাংক হিসাবের অনুকূলে অর্থ প্রদান করবেন।

৫.১৪.৪ জেলা মৎস্য অফিসার কর্তৃক এলসিএসকে ১ম কিস্তিতে মোট অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের/বরাদ্দের ২৫% এর বেশি বরাদ্দ প্রদান করা যাবে না। ২য় এবং পরবর্তী চাহিদাসমূহ তখনই প্রদান করা যাবে যখন পূর্বে প্রদত্ত অর্থের ৭৫% টাকার কাজ সম্পন্ন হয়েছে অর্থাৎ এলসিএস এর নিকট প্রদেয় অর্থের ২৫% টাকা মজুদ আছে।

৫.১৪.৫ এলসিএস বরাবর ১ম কিস্তির টাকা অবমুক্তির পূর্বে জেলা মৎস্য অফিসার অবশ্যই বর্ণিত কাজসমূহ সম্পাদন নিশ্চিত করবেন। যেমন- এলসিএস কর্তৃক অঙ্গীকারনামা সম্পাদন, স্কিম সাইটে সাইনবোর্ড স্থাপন ইত্যাদি।

৫.১৪.৬ স্কিমের পোষ্ট-ওয়ার্ক পরিমাপের পরই কেবল টাকার চূড়ান্ত চাহিদা এবং অর্থ প্রদান করা যাবে। স্কিমের কাজ সমাপ্তির পর এলসিএস এর নিকট যাতে কোন অব্যয়িত টাকা না থাকে সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কাজের নথিপত্র এবং অগ্রগতি সতর্কতার সহিত পরীক্ষা নিরীক্ষা করবেন।

৫.১৪.৭ এলসিএস এর দলনেতা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ টাকা উত্তোলন এবং যথাসময়ে শ্রমিক/পরিদর্শকদের মধ্যে বিতরণের জন্য দায়ী থাকবেন।

৫.১৪.৮ কোনক্রমেই এক স্কিমের টাকা অন্য স্কিমের কাজের জন্য খরচ করা যাবে না।

৫.১৪.৯ কোন কারণে বরাদ্দ আদেশ (AO)-এ জারিকৃত কোন স্কিম যদি বাস্তবায়ন করা সম্ভব না হয় তবে প্রকল্প পরিচালক মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে অবহিত করতঃ প্রকল্পের আওতাভুক্ত অন্য স্কিমে উক্ত অর্থ বরাদ্দ প্রদান করতে পারবেন।

## ৫.১৫ পরিমাপ ও মজুরী প্রদান

৫.১৫.১ কাজ আরম্ভ করার পূর্বে স্কিমের প্রি-ওয়ার্ক গ্রহণপূর্বক সংরক্ষণ করতে হবে। গৃহিত প্রি-ওয়ার্কের পরিমাপের তারতম্য যদি ৫% এর বেশি হয় তবে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে লিখিতভাবে জানাতে হবে।

৫.১৫.২ যখন খাদের পরিমাপ গ্রহণ করা হবে তখন তা অবশ্যই পরিমাপ বহিতে লিপিবদ্ধ করতে হবে।

৫.১৫.৩ ইস্যুকৃত লেভেল বহিতে প্রি-ওয়ার্ক ও পোষ্ট-ওয়ার্ক মাপ এবং মাপ বহিতে মাটি কাটার গর্তের মাপ লিপিবদ্ধ করতে হবে। অনুরূপভাবে মাপ বহিতে এলসিএস দলনেতা, দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তা এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসারের স্বাক্ষর থাকবে এবং উহা জেলা মৎস্য অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫.১৫.৪ স্কিমের কাজ সমাপ্তির অব্যবহিত পরই পোষ্ট-ওয়ার্ক মাপ গ্রহণপূর্বক লেভেল বহিতে লিপিবদ্ধ করতে হবে এবং গৃহীত পোষ্ট-ওয়ার্ক মাপের সাহায্যে মাপবহি ও চূড়ান্ত মাটির কাজের পরিমাণ এবং ব্যবহৃত টাকার পরিমাণ লিপিবদ্ধ করতে হবে এবং সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর/ প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৫.১৫.৫ সকল মজুরী খাদের প্রকৃত পরিমাপের ভিত্তিতে প্রদান করতে হবে। প্রতি ঘনমিটার মাটির কাজের জন্য অনুচ্ছেদ-৪.৭.১ মোতাবেক টাকা পরিশোধ করতে হবে।

৫.১৫.৬ এক সপ্তাহ পরপর শ্রমিকের মজুরী প্রদান করতে হবে।

৫.১৫.৭ সর্দার এবং পরিদর্শকের মজুরী তাদের দায়িত্ব সন্তোষজনকভাবে সমাপ্তির পর পরিশোধ করতে হবে।

## ৫.১৬ মাটির সংকোচন ও ক্ষয়ক্ষতির হার

পল্লী এলাকায় জলাশয় পুকুর উন্নয়নে মাটির কাজে যথোপযুক্ত যান্ত্রিক কম্পেকশনের কোন ব্যবস্থা নাই। এমতাবস্থায়, নির্মিত জলাশয়ের পাড় স্বাভাবিক বন্যা, বৃষ্টি এবং মাটির গাঠনিক কারণে সময়ের পরিবর্তনে সংকোচন এবং ক্ষয়ক্ষতি হয়। প্রথম বৎসরে মোট কর্তিত মাটির ১৫% হারে এবং পরবর্তী বৎসরগুলোর জন্য বাৎসরিক ১০% হারে হ্রাস যোগ করে সংকোচন ও ক্ষয়ক্ষতির হার বিবেচনা করতে হবে। প্রাকৃতিক দূর্যোগের জন্য বর্ণিত হার বিবেচ্য নয়।

## ৫.১৭ সাইনবোর্ড

প্রতিটি স্কিমের জন্য ১টি ৩'-০"×৫'-০" সাইনবোর্ড সুবিধাজনক স্থানে স্থাপন করতে হবে। সাইনবোর্ড বাংলায় লিখতে হবে এবং পরিশিষ্ট-১৩ এর বর্ণনা মোতাবেক হতে হবে। সাইনবোর্ড স্থাপন না করা পর্যন্ত কাজ আরম্ভ করা যাবে না এবং সাইনবোর্ড সার্বক্ষণিক সাইটে থাকতে হবে। অন্যথায় ঐ এলসিএস কমিটি দায়ী থাকবে।

## ৫.১৮ বাস্তবায়ন সিডিউল

মাটি পুনঃখনন কাজ ১৫ জানুয়ারি অথবা এর পূর্বে অবশ্যই কাজ আরম্ভ করতে হবে এবং প্রতি বৎসরের ৩০শে এপ্রিল এর মধ্যে কাজ সম্পাদন করতে হবে। তবে বিশেষ প্রয়োজনে প্রকল্প পরিচালক এই সময় পুনঃনির্ধারণ করতে পারবেন।

### ৫.১৯ স্কিম সংশোধন

কারিগরি কারণে যদি কোন স্কিমের ডিজাইন অথবা স্থান সংশোধন/ পরিবর্তন করতে হয় তবে তা অবশ্যই কাজ আরম্ভ করার তারিখের পরবর্তী ১৫ দিনের মধ্যে লিখিতভাবে সংশোধিত স্কিমের কপিসহ কারণ ব্যাখ্যাপূর্বক প্রকল্প পরিচালক বরাবর পেশ করতে হবে। অনুমোদন ব্যতিরেকে কোনক্রমেই কাজ সম্পাদন করা যাবে না।

### ৫.২০ পরিদর্শন ও তদারককিকরণ

৫.২০.১ প্রকল্প পরিচালক, উপপরিচালক, সংশ্লিষ্ট বিভাগ, সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসার, নির্বাহী প্রকৌশলী, প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার, সম্প্রসারণ কর্মকর্তা এবং মাঠ পর্যায়ের কারিগরি কর্মকর্তাগণ স্কিম পরিদর্শন ও তদারকি করবেন।

৫.২০.২ মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা ও প্রকল্প কর্মকর্তাগণ কর্তৃক যৌথভাবে মাঝে মধ্যে কিছু স্কিম পরিদর্শন ও তদারকি করবেন।

### ৫.২১ স্কিম স্থগিতকরণ

৫.২১.১ যদি সঠিকভাবে সাইনবোর্ড স্থাপন করা না হয়;

৫.২১.২ নিয়মানুযায়ী যদি স্কিম সম্পর্কিত তথ্য ও অন্যান্য কাগজপত্র সংরক্ষণ করা না হয়;

৫.২১.৩ যদি শ্রমিকের মজুরী প্রদানে অযৌক্তিক দেরি অথবা আংশিক পারিশ্রমিক পরিশোধ করা হয়;

৫.২১.৪ অনুমোদিত ডিজাইন মোতাবেক যদি স্কিম বাস্তবায়ন করা না হয়;

৫.২১.৫ স্কিম বাস্তবায়ন কাজ যদি অপ্রতুল হয় এবং সঠিকভাবে পরিদর্শন করা না হয়;

৫.২১.৬ যদি সুফলভোগী দল গঠন না করা হয়।

### ৫.২২ স্কিম বাতিলকরণ

৫.২২.১ মেথডোলজি অনুযায়ী যদি এলসিএস গঠন করা না হয়;

৫.২২.২ টাকা যদি অপব্যবহার করা হয়;

৫.২২.৩ নির্ধারিত সময়ে যদি কাজ আরম্ভ করা না হয়;

৫.২২.৪ জমি সংক্রান্ত বিরোধ অথবা স্থানীয় সমস্যা;

৫.২২.৫ মেথডোলজির বর্ণনা অনুযায়ী প্রতিবেদন প্রদানে বারবার বিলম্ব করা;

৫.২২.৬ স্কিম সাইটে যদি সাইনবোর্ড স্থাপন করা না হয়।

### ৫.২৩প্রতিবেদন

বাস্তবায়নকারী কর্মকর্তা মাসিক অগ্রগতি প্রতিবেদন এবং একীভূত মাসিক অগ্রগতি প্রতিবেদনপ্রতিবেদন প্রদান করবেন-

ক) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলীর সহায়তায় প্রতি মাসের ০১ তারিখের মধ্যে জেলা মৎস্য অফিসার বরাবর কাজের অগ্রগতির প্রতিবেদন প্রদান করবেন (পরিশিষ্ট-২০)।

খ) জেলা মৎস্য অফিসার প্রাপ্ত প্রতিবেদনসমূহ একত্রিত করে প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর দাখিল করবেন। উক্ত প্রতিবেদনের কপি মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর -এর নিকট প্রেরণ করবেন (পরিশিষ্ট-২১)।

গ) প্রকল্প পরিচালক জেলা মৎস্য অফিসারের নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদনসমূহ একত্রিত করে মৎস্য অধিদপ্তরের মাসিক পর্যালোচনা সভায় পেশ করবেন।

### ৫.২৪ স্কিম সমাপ্তি প্রতিবেদন

স্কিম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্কিমের কাজ সমাপ্তি হওয়ার পরে প্রতিটি স্কিমের প্রতিবেদন (পরিশিষ্ট ২২ A-C মোতাবেক) তৈরিপূর্বক সমাপ্তির একমাসের মধ্যে প্রকল্প পরিচালকবরাবর প্রেরণ করবেন। যার কপি মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর ও বিভাগীয় উপপরিচালককে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট আর্থিক সালের ৩১শে মে এর মধ্যে অবশ্যই স্কিম সমাপ্তি প্রতিবেদন দাখিল করতে হবে।

### ৫.২৫ মাছ চাষের প্রতিবেদন

জেলা মৎস্য অফিসার ১৫ জুলাই এর মধ্যে প্রকল্প পরিচালক বরাবর মাছচাষ সম্পর্কিত বাৎসরিক প্রতিবেদন দাখিল করবেন (পরিশিষ্ট-২৩)।

### ৫.২৬ অব্যবহৃত অর্থ

৫.২৬.১ কাজ সমাপ্তির পর এলসিএস এর নিকট যদি কোন অর্থ অব্যবহৃত থাকে তবে উক্ত এলসিএস কর্তৃক কাজ সমাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসার এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার এলসিএস কমিটির দলনেতার নিকট হতে অব্যবহৃত আদায়পূর্বক সরকারি কোষাগারে (কোড নং: ১-৪৪৩১-২৬০০-২৬৮১) জমা দেয়া নিশ্চিত হয়েছে জানার পর উহার চালানের ১ (এক) কপি রেজিষ্ট্রি ডাকযোগে প্রকল্প পরিচালক, দপ্তরে প্রেরণ করতে হবে।

৫.২৬.২ এলসিএস অব্যবহৃত অর্থ সরকারি কোষাগারে অর্থ জমাদান এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসার অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের বিষয়ে দায়ী থাকবেন।

৫.২৬.৩ এলসিএস যদি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত অর্থ জমাদানে ব্যর্থ হন তাহলে সরকার দ্বিগুণ টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন। জেলা মৎস্য অফিসার অথবা সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার প্রয়োজনে সংশ্লিষ্ট এলসিএস-এর বিরুদ্ধে স্থানীয় থানায় এফআইআর (FIR) করতঃ প্রকল্প পরিচালক ও মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে অবহিত করবেন।

৫.২৬.৪ কোন LCS মিথ্যা বা ভুল তথ্য প্রদানের মাধ্যমে অতিরিক্ত অর্থ বরাদ্দ গ্রহণের পর তা ব্যয় করতে ব্যর্থ হলে সেজন্য উক্ত কমিটির/দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

### ৫.২৭ কর্মচক্র

নিম্নবর্ণিত কর্মচক্র সংশ্লিষ্ট সবাইকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।

| ক্রমিক | কার্যক্রম | শুরুর তারিখ | শেষ তারিখ |
|---|---|---|---|
| ০১ | স্কিম নির্বাচন/ উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটির আলোচনা ও সিদ্ধান্ত | ১ এপ্রিল | ৩১ মে |
| ০২ | প্রস্তাবিত স্কিম পরিদর্শন/ প্রাক-সম্ভাব্যতা যাচাইকরণ/প্রি-ওয়ার্ক সার্ভে গ্রহণ/গ্রুপ গঠন | ১ জুন | ১৫ জুলাই |
| ০৩ | স্কিম তৈরিকরণ | ১৬ জুলাই | ১৫ আগস্ট |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক স্কিমওয়ারী মতামত প্রদান এবং জেলা মৎস্য অফিসার বরাবর প্রেরণ | ১৬ আগস্ট | ৩১ আগস্ট |
| ০৫ | জেলা মৎস্য অফিসার কর্তৃক স্কিম যাচাই বাছাইপূর্বক মতামতসহ প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ | ১ সেপ্টেম্বর | ১৫ সেপ্টেম্বর |
| ০৬ | প্রকল্প পরিচালকের দপ্তর কর্তৃক স্কিমসমূহের কারিগরি পরীক্ষা নিরীক্ষাকরণ এবং মাঠ পর্যায়ে নমুনা হিসাবে কিছু স্কিমের প্রি-ওয়ার্ক পরীক্ষাকরণ | ১৬ সেপ্টেম্বর | ৩১ অক্টোবর |
| ০৭ | প্রকল্প পরিচালক কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তাদের (পিআইইউ) সাথে পর্যালোচনা সভা করতঃ স্কিম তালিকা চুড়ান্তকরণ এবং স্কিম অনুমোদন | ১ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| ০৮ | প্রকল্প পরিচালক কর্তৃক বরাদ্দ আদেশ (এ.ও) জারীকরণ | ১৬ ডিসেম্বর | ৩১ ডিসেম্বর |
| ০৯ | স্কিমের কাজ আরম্ভ করার শেষ তারিখ | - | ১৫ জানুয়ারি |

| | | | |
|---|---|---|---|
| ১০ | স্কিমের কাজ সমাপ্ত করার তারিখ | - | ৩০ এপ্রিল |
| ১১ | অর্থ উত্তোলনের শেষ তারিখ | - | ১০ মে |
| ১২ | শ্রমিকদের অর্থ বিতরণের শেষ তারিখ | - | ১৫ মে |
| ১৩ | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন দাখিলের শেষ তারিখ | - | ৩১ মে |

* কর্মচক্রে বর্ণিত সময়সূচি প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা সাপেক্ষে পুনঃ নির্ধারণ করতে পারবেন।

**উপজেলা জলাশয় খনন/পুনখনন বা প্রদর্শনী খামার ব্যবস্থাপনা কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১) | মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ২) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ৩) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪) | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ৫) | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| ৬) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৭) | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ৮) | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ৯) | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ১০) | স্থানীয় সমাজকর্মী ০১জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১) | স্থানীয় মৎস্যজীবী প্রতিনিধি ০১ জন (সদস্য সচিব কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২) | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনবোধে কোন উপযুক্ত কর্মকর্তা বা ব্যাক্তিকে কমিটিতে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

**কার্যপরিধি:**

ক) পুনঃখনন, অভয়াশ্রম স্থাপন, প্রদর্শনী খামার স্থাপন, খাঁচায় মাছ চাষ, পেনে মাছ চাষ, প্রশিক্ষণ, জাল বিনিময়, প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে জলাশয় ও সুফলভোগী দল/ফলাফল প্রদর্শণকারী চাষি নির্বাচন ও অনুমোদনের জন্য সুপারিশ প্রদান।

খ) প্রকল্পের আওতায় জলাশয় সম্পর্কিত যেকোন কার্যক্রমের জন্য স্থানীয় জনপ্রতিনিধি, মৎস্যচাষি/ মৎস্যজীবীগণের সহায়তায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক চিহ্নিতকৃত স্থান ও জলাশয় নির্বাচন ও অনুমোদনের জন্য সুপারিশ প্রদান।

গ) প্রকল্পের আওতাধীন আনীত স্কিম/জলাশয়ের তীরবর্তী/পার্শ্ববর্তী এলাকার প্রকৃত মৎস্যজীবী/মৎস্যচাষি/বেকার যুবক ও যুব মহিলা/ দরিদ্র উপকারভোগীদের প্রণীত তালিকা যাচাই বাছাই ও পরীক্ষাপূর্বক অনুমোদন প্রদান।

ঘ) জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠানের কাছ থেকে অনাপত্তিপত্র ( NOC)প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং সুফলভোগী দলকে সংশ্লিষ্ট জলাশয়ের ইজারা প্রাপ্তিতে সার্বিক সহায়তা প্রদান।

ঙ) জলাশয় তীরবর্তী/ পার্শ্ববর্তী প্রকৃত জেলে/ মৎস্যজীবী/ মৎস্যচাষি/ উপকারভোগী নির্বাচন এবং উপকারভোগী ও জলাশয় ব্যবস্থাপনা পরিচালনকারী সংগঠনের কার্যক্রম তদারকী।

চ) প্রকল্পভুক্ত জলাশয় সংলগ্ন এলাকার প্রকৃত জেলে/মৎস্যজীবীদের সংগঠিত ও সংঘবদ্ধকরণের কাজে প্রকল্প কর্তৃপক্ষকে সার্বিকভাবে সহায়তা প্রদান।

ছ) প্রকল্পাধীন জলাশয়ে সমাজভিত্তিক মৎস্য ব্যবস্থাপনার আওতায় কার্যক্রম বাস্তবায়নে প্রকল্প কর্তৃপক্ষকে সহায়তা করা ।

জ) সংশ্লিষ্ট জলাশয়ে মৎস্য সংরক্ষণ আইন যথাযথভাবে অনুসরণের জন্য জেলে/মৎস্যজীবী সুফলভোগীদের সাথে সভা অনুষ্ঠান, উদ্বুদ্ধকরণ এবং আইন বাস্তবায়ন ও তদারকী কাজে প্রকল্প কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।

ঝ) সংশ্লিষ্ট জলাশয়ে মৎস্য ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের ফলে উদ্ভুত সমস্যা ও জটিলতা নিরসনকল্পে প্রকল্প কর্তৃপক্ষকে পরামর্শ ও সহায়তা প্রদান।

ঞ) উপকারভোগী জনগোষ্ঠীকে মৎস্য ব্যবস্থাপনা কার্যক্রমের ওপর প্রশিক্ষণ ও তাদের মধ্যে নেতৃত্ব ও সচেতনতার মনোভাব সৃষ্টির লক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি/ওয়ার্কশপ/সেমিনার/সভা প্রভৃতি কার্যক্রমে প্রকল্প কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।

ট) প্রকল্পের উন্নত মৎস্য ব্যবস্থাপনা ও সম্প্রসারণ সেবা কার্যক্রম বাস্তবায়নে গৃহীত অন্যান্য বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।

## ৬.০ প্রদর্শনী মৎস্য খামার ব্যবস্থাপনা

সাধারণভাবে কার্পজাতীয়মাছ (রুই, কাতলা, মৃগেল, সিলভারকার্প, গ্রাসকার্প, মিররকার্প, সরপুটি, ইত্যাদি),তেলাপিয়া, কৈ, শিং, মাগুর, পাঙ্গাস, গলদা, বাগদা, কাঁকড়া, কুচিয়া, ইত্যাদির উন্নততর চাষ প্রযুক্তি কার্যকরভাবে হস্তান্তর করার লক্ষ্যে প্রদর্শনী মৎস্য খামার বাস্তবায়ন করা হবে।

### ৬.১ ফলাফল প্রদর্শনকারী চাষি (আরডি) নির্বাচন

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক অভিজ্ঞ ও আগ্রহী চাষিগণের মধ্য থেকে নিম্নবর্ণিত গুণাগুণ সম্পন্নদের অগ্রাধিকার দিয়ে ফলাফল প্রদর্শনকারী চাষি নির্বাচন করতে হবে। নির্বাচিত চাষিদের তালিকা উপজেলা জলাশয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশক্রমে জেলা মৎস্য অফিসারের মাধ্যমে প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

৬.১.১ ফলাফল প্রদর্শনকারী চাষি (আরডি) নির্বাচনে বিবেচ্য বৈশিষ্ট্য

- চাষির নিজস্ব অথবা কমপক্ষে ৫ বছরের লিজকৃত উপযুক্ত পুকুর থাকতে হবে (পুকুরের আয়তন ০.১৩ হেক্টর বা ৩৩ শতক; কম-বেশি ৩০%)।
- শিক্ষিত বেকার যুবক-যুব মহিলা।
- ফলাফল প্রদর্শনকারী হিসেবে আগ্রহী এবং আংশিক ব্যয় বহনে ইচ্ছুক।
- কমপক্ষে ৫ জন বন্ধুচাষির নিকট আধানিবিড় মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ করতে ইচ্ছুক।
- মাছ চাষে কিছুটা অভিজ্ঞতাসম্পন্ন ।
- বিধবা, তালাকপ্রাপ্তা, প্রতিবন্ধী পরিবারভুক্ত ও দরিদ্র জনগোষ্ঠীর পুকুর মালিকদের অগ্রাধিকার দিতে হবে।
- নারী-পুরুষ উভয়কে সমভাবে সুযোগ দিতে হবে।

### ৬.২ প্রকল্প সহায়তা (কারিগরি ও আর্থিক)

প্রত্যেক ফলাফল প্রদর্শনকারী চাষির ০.১৩ হেক্টর বা ৩৩ শতক (কমবেশি ৩০%) পুকুর থাকতে হবে। মোট উৎপাদন ব্যয়ের মধ্যে উৎপাদন সামগ্রী বাবদ প্রকল্প থেকে আংশিক অর্থ বরাদ্দ দেয়া হবে এবং বাকী উৎপাদন ব্যয় চাষি নিজে বহন করবেন। উৎপাদন সামগ্রী ক্রয় করে আরডি চাষিকে দেওয়ার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/ উপজেলা মৎস্য অফিসারের নিকট অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করে উৎপাদন সামগ্রী ক্রয় করবেন এবং রেজিষ্টারে স্বাক্ষর রেখে বিতরণ করবেন।

### ৬.৩ চুক্তি সম্পাদন

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার নির্বাচিত চাষিদের সাথে ৩০০/- টাকার নন-জুড়িশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করবেন।

### ৬.৪ সাইন বোর্ড স্থাপন

প্রতিটি প্রদর্শনী খামারে একটি ৩'×২½' পরিচিতি বোর্ড (সাইন বোর্ড) থাকতে হবে। সাইনবোর্ডে (১) প্রকল্পের নাম (২) প্যাকেজভিত্তিক খামারের নাম (৩) চাষির নাম ও (৪) খামারের আয়তন ইত্যাদি তথ্য প্রদর্শন করতে হবে। নিম্নে সাইনবোর্ডের নমুনা দেওয়া হলো। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার সাইনবোর্ড

সরবরাহ করবেন। সাইন বোর্ড ছাড়া কাজ শুরু করা যাবে না। সুফলভোগীরা নিজ দায়িত্বে সাইন বোর্ড রক্ষণাবেক্ষণ করবেন, নষ্ট হলে নিজ ব্যয়ে পুনঃ স্থাপন করবেন।

**সাইনবোর্ড এর নমুনা**

| |
|---|
| গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>প্রকল্পের নাম: ......................................................................<br>মৎস্য অধিদপ্তর, .............<br><br>**প্যাকেজের নাম:** **সন**<br><br>চাষির নাম..................................গ্রাম ... ... ... ... ইউনিয়ন ... ... ... ... উপজেলা ... ... ... ... ....জেলা...................<br>আয়তন.............হেঃ (........শতক)<br>বাস্তবায়নে: সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়... ... ... ... ...। |

## ৬.৫ বেইজলাইন জরিপ ও রেকর্ড বই সংরক্ষণ

প্রকল্প কার্যক্রম শুরুতেই সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার কর্তৃক তার অফিস সহকর্মী ও লিফগণ (যদি থাকে) দ্বারা চাষির পুকুরের বেইজ লাইন জরিপ সম্পন্ন করে বর্তমান উৎপাদন সহ অন্যান্য তথ্যাদি নির্ধারিত ফরমে (সংযোজনী-২৫) রেকর্ড করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন শেষে পুনরায় জরীপের মাধ্যমে উৎপাদন অর্জন তুলনা করতে হবে। প্রত্যেক আর.ডি. প্রকল্প থেকে সরবরাহকৃত রেকর্ড বই অবশ্যই যথাযথ ভাবে সংরক্ষণ করবেন। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার/সহকারী মৎস্য অফিসার/ক্ষেত্রসহকারী/লিফগণ প্রতিমাসে অন্তত একবার ভিজিট করে রেকর্ড বইয়ে স্বাক্ষর করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা লিপিবদ্ধ করবেন।

## ৭.০ মাঠ দিবস পালন

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রযুক্তিগত তথ্যাদি সাধারণ জনগণের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য ফলাফল প্রদর্শন ও আলোচনা অনুষ্ঠানসহ মাঠ দিবসের আয়োজন করতে হবে। মাঠ দিবস উদ্যাপনে স্থানীয় চাষি, জনপ্রতিনিধি, মৎস্য বিভাগ ও প্রশাসনের বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাদের আমন্ত্রণ জানাতে হবে। অনুষ্ঠান সমুহ যথাসম্ভব স্থানীয় ও জাতীয় প্রচার মাধ্যমে (বাংলাদেশ বেতার, টেলিভিশন ও অন্যান্য প্রিন্ট ও ইলেক্ট্রনিক) প্রচারের ব্যবস্থা করতে হবে।

## ৮.০ ধানক্ষেতে মাছ চাষ প্রদর্শনী

দেশে বর্তমান মোট আবাদী ফসল এলাকার আয়তন ৮.১৮ মিলিয়ন হেক্টর এবং কৃষি জমির শতকরা ৮০ ভাগে ধান চাষ হয়, যার শতকরা ৫ ভাগ জমিতে ধানের সাথে মাছ চাষ করা সম্ভব হতে পারে। দেশের যেসব অঞ্চলে সেচের মাধ্যমে উচ্চ ফলনশীল জাতের ধান উৎপাদন করা হয়, যেসব অঞ্চল বৃষ্টির পানি নির্ভর ধান উৎপাদন সম্ভব এবং বন্যা প্লাবন মুক্ত এ ধরনের জমিতে ধানের সাথে মাছ চাষ করা যায়।

ধানের সাথে মাছের সমন্বিত চাষ কারিগরি ভাবে গ্রহণযোগ্য এবং অর্থনৈতিকভাবে লাভজনক। অধিকন্তু ধানক্ষেতে মাছ চাষের বিশেষ সুবিধা হলো সমন্বিত জৈবিক উপায়ে পোকামাকড় ও রোগবালাই নিয়ন্ত্রণ করায় কীটনাশক ঔষধের ব্যবহার হ্রাসের ফলে পরিবেশ সহনীয় খামার পদ্ধতি উন্নীত হয় এবং ধানের উৎপাদন বৃদ্ধি পায়। এছাড়া একটি ধানের ফসলের পরিবর্তে ধান ও মাছের দুটি ফসল পাওয়া যায় এবং বর্ধিত উৎপাদন ও আয়ের জন্য কোন বাড়তি জমির প্রয়োজন হয় না। যে সকল জমিতে ধান কাটার পর কয়েক মাস পানি থাকে সে সকল জমিতে ধানের পরে মাছের চাষ করা সম্ভব।

ধানক্ষেতে চাষের উপযুক্ত মাছের প্রজাতি হলো সরপুঁটি, নাইলোটিকা, কমন কার্প, গিফ্ট তেলাপিয়া, শিং-মাগুর, গলদা চিংড়ি ইত্যাদি। উচ্চ ফলনশীল বিআর-৩, বিআর-১১, বিআর-১৪, বিআর-১৬ এবং পাইজাম ইত্যাদি জাতের ধানের সাথে মাছ চাষ করা করা যায়। ধানক্ষেতে মাছ চাষের জন্য সংশ্লিষ্ট চাষিদের মাছ উৎপাদন ব্যবস্থাপনা সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ প্রদান, পরামর্শ ও তদারকীর মাধ্যম সেবাদান এবং মাছের রোগ-বালাই দমন সম্পর্কে প্রতিষেধক ব্যবস্থাদি অত্র প্রকল্পের মাধ্যমে গ্রহণ করা হবে।

### ৮.১ **ধানক্ষেত নির্বাচন**

ক) বোরো ধান ও আমন ধান চাষে পানি থাকে এমন জমি।

খ) জমির চারদিকে ১-১.৫ ফুট উচু আইল আছে এবং পানি ধারণ ক্ষমতা ভাল।

গ) জমির কোনায় গর্ত, একদিকের একাংশ গর্ত, চতুর্দিকে নালা, মধ্যখানে পুকুর বা গর্ত রয়েছে এমন জমি নির্বাচন।

ঘ) সমতল জমি এবং বর্ষায় পাড় ডুবে না যায়।

ঙ) গভীর নলকূপ/ অগভীর নলকূপ থেকে পানি দেয়ার এবং বের করার সুযোগ আছে।

চ) ধান কাটার পরে কয়েক মাস পানি থাকে এমন জমি।

## ৯.০ **খাঁচায় মাছচাষ**

খাঁচায় মাছ কার্যক্রম বাংলাদেশে তুলনামূলক ভাবে নতুন।যদিও এশিয়ার অন্যান্য দেশে বিগত কয়েক দশকে এর সাফল্য রয়েছে। আমাদের দেশে গবেষণা মূলকভাবে ১৯৭০ সনে খাঁচায় মাছ শুরু হয়। পরবর্তিতে ১৯৮০ সনে খাচায় মাছ চাষ জনপ্রিয় করার জন্য বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান কাজ শুরু করে। বিগত এক দশকে বাংলাদেশের কিছু কিছু এলাকা যেমন চাঁদপুর,লক্ষীপুরে খাঁচায় মাছ চাষ স্থানীয় জনগনের মাঝে বিশেষ ভাবে সাড়া জাগিয়েছে। আর বাংলাদেশের মত জায়গায় যেখানে পুকুর কাটার মত কৃষি জমির স্বল্পতা, পুকুর নির্ভর মৎস্য চাষের প্রয়োজনীয় পুঁজি, সড়ক যোগাযোগ, বিদ্যুৎ ইত্যাদি যোগান দেবার আর্থিক সংগতি সীমিত সংখ্যক চাষিদের রয়েছে সেখানে খাঁচায় মাছ হতে পারে আগামী দিনের অন্যতম সম্ভাবনাময় কার্যক্রম। খাঁচা স্থাপনের পূর্বে জলাশয়ের মালিক/ উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র ( NOC ) নিতে হবে। কার্যক্রম শুরুর পূর্বে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার/উপজেলা মৎস্য অফিসার এবং সুফলভোগীদলের দলনেতা এতদসংক্রান্ত একটি চুক্তিনামা (পরিশিষ্ট-২৬) স্বাক্ষরপূর্বক খাঁচায় মাছ চাষের জন্য প্রকল্প কর্তৃক সহায়তা হিসাবে প্রদত্ত উপকরণ গ্রহণ করবেন।

### ৯.১ **খাঁচা স্থাপনের স্থান**

ক) খাঁচা স্থাপনের জন্য উপযোগী নদীর এমন অংশ, যেখানে একমূখী প্রবাহ কিংবা জোয়ার ভাটার শান্ত প্রবাহ বিদ্যমান। নদীর মূল প্রবাহে যেখানে অত্যাধিক তীব্র স্রোত বিদ্যমান সে অঞ্চলে খাঁচা না করাই সমীচীন।নদীতে ৪-৮ইঞ্চি/সেকেন্ড মাত্রার পানি প্রবাহে খাঁচা স্থাপন মাছের জন্য উপযোগী,তবে প্রবাহের এ মাত্রা সর্বোচ্চ ১৬ ইঞ্চি/সেকেন্ড এর বেশি না হওয়া উচিত।

খ) নদী ছাড়া অন্যান্য প্রবহমান/মুক্ত জলাশয় যেমন খাল, লেক ইত্যাদি খাঁচায় মাছ চাষের জন্য নির্বাচন করা যাবে।

গ) মূল খাঁচা পানিতে ঝুলন্ত রাখার জন্য ন্যূনতম ১০ ফুট গভীরতা থাকা প্রয়োজন। যদিও প্রবহমান পানিতে তলদেশে বর্জ্য জমে গ্যাস দ্বারা খাঁচার মাছের ক্ষতি হওয়ার সম্ভাবনা কম তথাপি খাঁচার তলদেশ নিচের কাদা থেকে ন্যূনতম ৩ ফুট উচ্চতা থাকা আবশ্যক।

ঘ) স্থানটি লোকালয়ের নিকট হতে হবে যাতে সহজে নিরাপত্তা নিশ্চিত করা যায়।

ঙ) খাঁচা স্থাপনের স্থান থেকে যোগাযোগ ব্যবস্থা সুন্দর হতে হবে যাতে সহজে উৎপাদিত মাছ বাজারজাত করা যায়।

চ) খাঁচা স্থাপনের কারনে যাতে কোনভাবে নৌ চলাচলের বিঘ্ন না ঘটে এমন স্থান হতে হবে।

ছ) সর্বপরি খাঁচা স্থাপনের স্থানটি এমন হতে হবে যাতে শিল্প বা কলকারখানার বর্জ্য কিংবা পয়ঃনিষ্কাশনের পানি অথবা কৃষি জমি থেকে বন্যা বিধৌত কীটনাশক প্রভাবিত পানি নদীতে পতিত হয়ে অপ্রত্যাশিতভাবে খাঁচায় মাছ মারা যেতে না পারে।

### ৯.২ দল গঠন

নদী বা অন্য প্রবহমান জলাশয়ের নিকটবর্তী এলাকাভুক্ত খাচায় মাছ চাষে উৎসাহী ১০-২০ জন নিম্ন/ মাঝারী আয়ের ব্যক্তিদের নিয়ে "খাঁচায় মাছ চাষি দল'' গঠন করতে হবে। খাঁচায় মাছ চাষি দলে কমপক্ষে ২৫% নারী সদস্য থাকবেন। দলের সদস্যদের তালিকা উপযুক্ত কমিটি কর্তৃক অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত ফরমে প্রকল্প দপ্তরে পাঠাতে হবে। একটি স্থানে একসাথে ১০টি খাঁচা স্থাপন করতে হবে এবং ১০টি খাঁচার জন্য স্থাপিত উক্ত এলাকার ১০টি দরিদ্র, নিঃস্ব, বিধবা, স্বামী পরিত্যাক্তা, আগ্রহী মৎস্যচাষি পরিবার নির্বাচন করতে হবে। খাঁচায় মাছ চাষের সমুদয় কার্যক্রম সুফলভোগী সদস্যগণ নিজেরা সম্পাদন করবেন। ১০টি খাঁচা একসাথে স্থাপনের ফলে খাঁচায় মাছ চাষ ব্যবস্থাপনা, অর্থাৎ খাদ্য প্রদান, পাহারা, রক্ষণাবেক্ষণ ইত্যাদি সম্মিলিতভাবে ও সহজে কম ব্যয়ে সম্পন্ন করা যাবে। দলের কার্যক্রম পরিচালনার জন্য দলের সদস্যগন সদস্যভুক্তি রেজিষ্টার, সভার কার্য বিবরণী রেজিষ্টার, জমা খরচ রেজিষ্টার, ইত্যাদি সংরক্ষণ করবেন।

### ৯.৩ সুফলভোগী সদস্যগণের খাঁচায় মাছ চাষের অংশীদারিত্ব বিনিয়োগ

খাঁচায় মাছচাষে সুফলভোগীদের স্কিমের প্রাক্কলিত ব্যয়ের ১০% টাকা স্কিম শুরু হওয়ার পূর্বে ব্যাংকে জমা দিতে হবে। তবে এক্ষেত্রে সুফলভোগীসদস্যগণ নগদ টাকা জমা দিতে না পারলে তাঁদের হিস্যার টাকা স্কিম বাস্তবায়নকালে শ্রম হিসাবে বিনিয়োগ করতে পারবেন।

### ৯.৪ খাঁচা স্থাপন

কোটেশনের মাধ্যমে ক্রয়কৃত উপকরণ এবং সুফলভোগীদলের অংশের সমপরিমাণ অর্থ বা ডিপিপিতে উল্লিখিত বিধান অনুযায়ী অর্থের সংস্থান করে খাঁচা স্থাপন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে; অথবা সুফলভোগীদল ও অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত এলসিএস (চুক্তিবদ্ধ ভূমিহীন সমিতি) -এর মাধ্যমে খাঁচা স্থাপন কার্যক্রম বাস্তবায়ন করা যাবে।

### ৯.৫ খাঁচার বিভিন্ন উপকরণ

#### ৯.৫.১ খাঁচার জাল

- পলিইথিলিন জাল (ঘের জাল)
- রাসেল নেট (খাদ্য আটকানোর বেড় তৈরিতে)।
- মরক্কো কাছি ।
- গ্রীন হেংস চিকন রশি ।
- গ্রীন হেংস চিকন সুতা (মেরামতের জন্য)।
- কভার নেট বা ঢাকনা জাল (পাখি ইত্যাদির উপদ্রব থেকে রক্ষার জন্য)।
- খাঁচাকে পানিতে ঝুলন্ত রাখার জন্য প্রতিটি খাঁচার নিচে বাঁধার জন্য ছয়টি করে ইট।

#### ৯.৫.২ খাঁচার ফ্রেম তৈরি

- ১ ইঞ্চি জিআই পাইপ ।
- ঝালাই করার জন্য ওয়েলডিং রড ও ফ্লাটবার।
- ফ্রেম ভাসমান রাখার জন্য শুন্য ব্যারেল/ড্রাম ।
- খাঁচা স্থির রাখার জন্য নোঙ্গর ।
- নোঙ্গর বাঁধতে মোটা কাছি ।
- ফ্রেমের সাথে বাঁধার জন্য মাঝারি আকারের সোজা বাঁশ (প্রয়োজনীয় সংখ্যক)।

৯.৫.৩ **খাঁচা পরিচালনার জন্য উপকরণ**

- খাদ্য ও অন্যান্য দ্রব্য রাখার জন্য ছোট টিনশেড ঘর।
- খাদ্য প্রদান ও নিয়মিত পরিচর্যার জন্য নৌকা ।
- মাছ বাছাই ও স্থানান্তরের জন্য সুবিধাজনক পাত্র (বড় পাতিল কিংবা কাটা ড্রাম)।
- খাদ্য প্রদানের জন্য সুবিধাজনক পাত্র।
- মাছ আহরণের জন্য ঝুড়ি/খাড়ি।
- মাছ ওজনের জন্য ছোট বড় বিভিন্ন আকারের ব্যালেন্স/দাড়িপাল্লা।

৯.৬ **আকার**

খাঁচা তৈরির জন্য এমন জাল ব্যবহার করতে হবে যেন কাঁকড়া, গুইসাপ, কচ্ছপ, ইত্যাদি ক্ষতিকর প্রাণি খাঁচার জাল কাটতে না পারে। ডাকাতিয়া মডেলের খাঁচার জন্য সাধারণত দুই ধরনের মাপের ফ্রেম তৈরি করা হয়, যেমন ২০ ফুট × ১০ফুট × ৬ ফুট এবং ১০ ফুট × ১০ফুট × ৬ ফুট। খাঁচা তৈরির জন্য জালের মেস সাইজ ৩/৪ ইঞ্চি থেকে ১/৪ ইঞ্চি হওয়া বাঞ্ছনীয়। এতে সহজে নদীর পরিষ্কার পানি প্রতিনিয়ত খাঁচার ভিতরে সঞ্চালিত হতে পারে।

৯.৭ **ফ্রেম তৈরি ও স্থাপন**

